আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
তিনি বললেন, হে পালনকর্তা আমার জন্য কিছু নিদর্শন দাও। তিনি বললেন, তোমার জন্য নিদর্শন হলো এই যে, তুমি তিন দিন পর্যন্ত কারও সাথে কথা বলবে না।
সূরা আল ইমরান ৪০

# দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ১৫ মে ২০২৬ ॥ ২৬ জিলক্বদ ১৪৪৭ ॥ ০১ জ্যৈষ্ঠ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৫২ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫




## ঈদে টানা ৭ দিন ছুটি ঘোষণা করে প্রজ্ঞাপন জারি
কীর্তনখোলা ডেস্ক
আসন্ন ঈদুল আজহায় আগামী ২৫ থেকে ৩১ মে পর্যন্ত টানা ৭ দিন ছুটি ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন ২ এর পাতায় দেখুন



## দুর্নীতির তদন্ত শুরু করায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে আগুন দিয়েছে
কীর্তনখোলা ডেস্ক
শিক্ষক নিয়োগ, সরকারি কেনাকাটা ও অন্যান্য কাজে দুর্নীতি হয়েছে কি না, তার তদন্ত শুরু করায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে ২ এর পাতায় দেখুন



## জামায়াত আমিরের সঙ্গে ইইউ রাষ্ট্রদূতের বৈঠক, গণভোটের রায় নিয়ে আলোচনা
কীর্তনখোলা ডেস্ক
বিরোধীদলীয় নেতা ও জামায়াতের আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ২ এর পাতায় দেখুন



## শাপলায় হত্যা-নির্যাতনের তথ্য লুকানোর চেষ্টা ছিল সাংবাদিক বাবু ও রুপার
কীর্তনখোলা ডেস্ক
শাপলা চত্বরে নারকীয় হত্যাকাণ্ডের ঘটনা ভিন্ন খাতে প্রবাহিত করতে সাংবাদিক মোজাম্মেল বাবু ও ফারজানা রুপা ২ এর পাতায় দেখুন


বরিশাল বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি

# বরিশালসহ ১০ বিশ্ববিদ্যালয়ে নতুন ভিসি নিয়োগ দিলো সরকার
কীর্তনখোলা রিপোর্ট
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ দেশের ১০টি বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য (ভিসি) নিয়োগ দিয়েছে সরকার। বৃহস্পতিবার (১৪ মে) সন্ধ্যা সাড়ে ৬টা পর্যন্ত প্রাপ্ত এই ১০টি বিশ্ববিদ্যালয়ে শর্তসাপেক্ষে উপাচার্য নিয়োগ দেওয়ার বিষয় নিশ্চিত হওয়া গেছে। আরও কয়েকজন ফাইল অনুমোদন আছে, তাদের প্রজ্ঞাপন আজ জারি হওয়ার কথা। উপাচার্যদের নিয়োগে শর্তে বলা হয়েছে, রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের অনুমোদনক্রমে এ নিয়োগ ২ এর পাতায় দেখুন


বরিশাল নগরীর চৌমাথা কাঁচাবাজার সংলগ্ন সাগরদী খাল পরিষ্কার কার্যক্রম উদ্বোধন করেন বিসিসি প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

## ঈদে লঞ্চের ভাড়া ১০ শতাংশ কমছে
কীর্তনখোলা ডেস্ক
ঈদুল আজহা উপলক্ষে শ্রমিকদের যাতায়াত সহজ করতে দেশের সব রুটে জাহাজ ও লঞ্চের ভাড়া ১০ শতাংশ কমানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদের (টিসিসি) সভায় এ তথ্য জানান নৌ-পরিবহন মন্ত্রণালয়ের প্রতিনিধি।
২ এর পাতায় দেখুন

ববিতে শাটডাউন কর্মসূচি
## উপাচার্যের নির্দেশে খোলা হলো প্রশাসনিক দপ্তরের তালা
কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) বিভিন্ন প্রশাসনিক দপ্তরে আন্দোলনকারী শিক্ষকদের দেওয়া তালা অপসারণ করেছেন উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলম। তবে শিক্ষকদের দ্বিতীয় দফার শাটডাউনের চতুর্থ দিনেও ক্লাস ও পরীক্ষা বন্ধ রয়েছে। এ পর্যন্ত ৪৬টি পরীক্ষা স্থগিত হয়েছে বলে জানিয়েছেন শিক্ষার্থীরা। বৃহস্পতিবার (১৪ মে) উপাচার্যের নির্দেশে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. হুমায়ুন কবির রেজিস্ট্রার দপ্তর, অর্থ দপ্তরসহ বিভিন্ন প্রশাসনিক কার্যালয়ের তালা খুলে দেন। পরে তিনি সাংবাদিকদের বলেন, উপাচার্যের নির্দেশে তালা খোলা হয়েছে ২ এর পাতায় দেখুন


বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা
উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

| | | | |
|---|---|---|---|
| বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219 | ইসলামিয়া লাইব্রেরি, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01711-264963 | অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515 | অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514 |
| খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767 | নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720 | রহমান বুক হাউজ, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01718-670945 | মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268 |
| অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049 | নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663 | হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658 | আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083 |


## ২০২৭ সালে এসএসসি শুরু ৭ জানুয়ারি এইচএসসি ৬ জুন
কীর্তনখোলা ডেস্ক
২০২৭ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা ৭ জানুয়ারি এবং এইচএসসি ও সমমানেন পরীক্ষা ৬ জুন শুরু হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। বৃহস্পতিবার (১৪ মে) বিকেলে সচিবালয়ের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলে। শিক্ষামন্ত্রী বলেন, ২০২৭ সালের এসএসসি পরীক্ষা জানুয়ারিতে নেওয়া হচ্ছে। এতে করে সেশন গ্যাপ কমে আসছে। এরা যখন এইচএসসি পরীক্ষা দেবে ২ এর পাতায় দেখুন

## দেশে ভোটার বেড়েছে ৬ লাখ ২৮ হাজার ৫৭ জন
কীর্তনখোলা ডেস্ক
দেশে ভোটার তালিকায় নতুন করে যুক্ত হয়েছেন ৬ লাখ ২৮ হাজার ৫৭ জন নাগরিক। নতুন এই ভোটারদের নিয়ে বর্তমানে দেশে মোট ভোটারের সংখ্যা দাঁড়িয়েছে ১২ কোটি ৮৩ লাখ ২৩ হাজার ২৪০ জনে। বৃহস্পতিবার (১৪ মে) নির্বাচন কমিশনের (ইসি) জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক এ এইচ এম আনোয়ার পাশা এই তথ্য নিশ্চিত করেছেন। ইসি জানায়, ২০২৫ সালের ২ এর পাতায় দেখুন

## হাম ও হামের উপসর্গে আরও ৭ জনের মৃত্যু
কীর্তনখোলা ডেস্ক
সারাদেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে সাতজন মৃত্যুর তথ্য দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। তাদের মধ্যে একজন হামে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি ছয়জনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। বৃহস্পতিবার (১৪ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর ২ এর পাতায় দেখুন

শের ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল
# দুইশ টাকার জন্য অক্সিজেন মাস্ক খুলে নিলো কর্মচারী, রোগীর মৃত্যু
কীর্তনখোলা রিপোর্ট
শের ই বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে ২০০ টাকার জন্য অক্সিজেন মাস্ক খুলে নেওয়ার দুই মিনিটেই রোগীর মৃত্যুর অভিযোগ উঠেছে। হাসপাতালের ওপিডি ভবনের মেডিসিন বিভাগে এ ঘটনা ঘটে। এ নিয়ে হাসপাতাল চত্বরে মৃত নারীর স্বজন ও হাসপাতাল কর্মচারীদের মধ্যে সংঘর্ষ ও উত্তেজনার সৃষ্টি হয়। মারা যাওয়া রোগী দিপালী সিকদার (৪০) বরিশালের




মেহেন্দিগঞ্জ উপজেলার পূর্ব খরকি গ্রামের শংকর শিকদারের স্ত্রী। এই ঘটনায় অভিযুক্ত কর্মচারীকে সাময়িক বরখাস্ত করা হয়েছে বলে জানিয়েছেন হাসপাতাল পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ডা. একেএম মশিউল মুনীর। দিপালীর স্বজনরা জানান, তীব্র শ্বাসকষ্ট নিয়ে বুধবার বিকেল পৌনে ৩টার দিকে দিপালীকে শেবাচিম হাসপাতালের মেডিসিন বিভাগে ভর্তি করা হয়। রোগীর অবস্থা সংকটাপন্ন হওয়ায় চিকিৎসক তাকে দ্রুত ওপিডি ভবনের মেডিসিন বিভাগে স্থানান্তর করেন এবং জরুরি ভিত্তিতে টানা ২ ঘণ্টা নিরবচ্ছিন্ন অক্সিজেন দেওয়ার পরামর্শ দেন। কিন্তু শয্যা সংকট ও অক্সিজেন পয়েন্টের অব্যবস্থাপনার কারণে তাকে একটি ট্রলিতে রেখেই অক্সিজেন দেওয়া হচ্ছিল। দিপালীর ভাই মিলন হাওলাদার অভিযোগ করেন, 'দিপালী যখন অক্সিজেনের সহায়তায় বাঁচার লড়াই করছিলেন, ঠিক তখনই মেডিসিন ইউনিট-১ এর কর্মচারী ২ এর পাতায় দেখুন


সাংবাদিক একরামের বড় ভাই কবির আল্ হুমায়ুনের নামাজে জানাজা গতকাল বাদ জোহর বাঘিয়া ঝাউতলা জামে মসজিদ প্রাঙ্গণে আদায় শেষে দাফন সম্পন্ন -কীর্তনখোলা

## ভোলায় ব্যবসায়ীদের সঙ্গে আলজেরিয়ার রাষ্ট্রদূতের মতবিনিময় সভা
ভোলা প্রতিনিধি
ভোলার ব্যবসায়ীদের সঙ্গে বিশেষ মতবিনিময় সভায় করেছেন আলজেরিয়ার রাষ্ট্রদূত ড. আবদেলওয়াহাব সাইদানি। বৃহস্পতিবার (১৪ মে) বেলা সাড়ে ১১টার দিকে ভোলা সার্কিট হাউসের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় ভোলার ব্যবসায়ী নেতারা জানান, ভোলায় প্রচুর পরিমাণ প্রাকৃতিক গ্যাস মজুত রয়েছে। এই গ্যাসকে কাজে লাগিয়ে বিভিন্ন শিল্পকারখানা স্থাপনের মাধ্যমে জেলা ও দেশের উন্নয়ন করা সম্ভব। এছাড়া ভোলায় উৎপাদিত পণ্য আলজেরিয়ায় রপ্তানির সুযোগ তৈরি করতে রাষ্ট্রদূতের সহযোগিতা কামনা করেন ব্যবসায়ীরা। এসময় ব্যবসায়ীদের দাবি গুরুত্বসহকারে দেখার আশ্বাস দিয়ে ড. আবদেলওয়াহাব সাইদানি বলেন, বাংলাদেশের সঙ্গে আলজেরিয়ার দীর্ঘদিনের সুসম্পর্ক বিদ্যমান। ভোলার
২ এর পাতায় দেখুন

## নগরীতে মেয়াদোত্তীর্ণ কীট ব্যবহার ও সনদ না থাকায় ৫ ডায়াগনস্টিক সেন্টারকে জরিমানা
কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীতে মেয়াদোত্তীর্ণ কীট ব্যবহার ও প্রয়োজনীয় সনদ না থাকার অভিযোগে পাঁচটি ডায়াগনস্টিক সেন্টারকে মোট ৫৪ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। বৃহস্পতিবার (১৪ মে) বেলা সাড়ে ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত নগরীর হাসপাতাল রোড এলাকায় জেনারেল হাসপাতালের সামনে এ অভিযান পরিচালনা করা হয়। জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) বরিশাল জেলা কার্যালয়ের গোপন তথ্যের ভিত্তিতে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপপরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে অভিযানটি পরিচালিত হয়। অভিযানে মেয়াদোত্তীর্ণ কীট সংরক্ষণ ও যথাযথ সনদ না থাকার দায়ে পাঁচটি প্রতিষ্ঠানের ২ এর পাতায় দেখুন



## আমতলীতে যুবককে কুপিয়ে হত্যা
আমতলী প্রতিনিধি
বরগুনার আমতলী উপজেলার খুরিয়ার খেয়াঘাট এলাকায় মাজহারুল ইসলাম মনোয়ার (৪০) নামে এক যুবককে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। বুধবার দিবাগত রাত সোয়া ১২টার দিকে এ ঘটনা ঘটে। নিহত মনোয়ার উপজেলার দক্ষিণ আমতলী গ্রামের মো. জয়নাল মৃধার ছেলে। পুলিশ সূত্রে জানা গেছে, আমতলীর খুরিয়ার খেয়াঘাট ব্রিজের পশ্চিম পাশে আজিজ মৃধার রাইস মিলসংলগ্ন শামসুল হকের বাড়ির বিপরীতে খালের পাড়ে দিবাগত রাত সোয়া ১২টার দিকে চিৎকারের শব্দ পায় স্থানীয়রা। পরে লোকজন তাঁকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখে। গুরুতর আহত অবস্থায় ২ এর পাতায় দেখুন

## লঞ্চে সন্তান প্রসব, প্রসূতির সেবায় এগিয়ে এলো কোস্ট গার্ড
কীর্তনখোলা রিপোর্ট
ভোলা থেকে লঞ্চে ঢাকা যাচ্ছিলেন গর্ভবতী এক নারী। তবে চাঁদপুর পর্যন্ত যাওয়ার পর লঞ্চেই সন্তান প্রসব হয়ে যায় তার। এ সময় সংকটাপন্ন হয়ে পড়ে প্রসূতির শারীরিক অবস্থা। তবে জরুরি সেবা নম্বর ১৬১১১ এ কল পেয়ে ছুটে আসেন কোস্টগার্ডের মেডিকেল টিম। যাত্রীবাহী লঞ্চে গুরুতর অসুস্থ ওই প্রসূতি মা কে জরুরি চিকিৎসা সহায়তা প্রদান করে তারা। করেন হাসপাতালে নেয়ার ব্যবস্থাও। বৃহস্পতিবার চাঁদপুরের মোহনপুর লঞ্চঘাট সংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে। এ দিন বিকেলে কোস্ট গার্ডের ২ এর পাতায় দেখুন

## পুত্রবধূকে ধর্ষণচেষ্টার অভিযোগে শ্বশুর গ্রেফতার
নলছিটি প্রতিনিধি
ঝালকাঠির নলছিটিতে পুত্রবধূকে ধর্ষণের অভিযোগে নুরু সরদার (৬৫) নামের এক বৃদ্ধকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১৪ মে) দুপুরে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। অভিযুক্ত নুরু সরদার উপজেলার ভৈরবপাশা ইউনিয়নের ঈশ্বরকাঠি গ্রামের বাসিন্দা এবং পেশায় একজন কৃষক। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, জল বসন্তে আক্রান্ত হওয়ায় মঙ্গলবার (১২ মে) স্বামী থেকে ২ এর পাতায় দেখুন



## গলাচিপায় সিলিং ফ্যানে ঝুলছিল স্কুলছাত্রীর মরদেহ
গলাচিপা প্রতিনিধি
পটুয়াখালীর গলাচিপায় নিজ বসতঘর থেকে রাই কর্মকার (১৬) নামে দশম শ্রেণির এক স্কুলছাত্রীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১৪ মে) সকালে গলাচিপা পৌরসভার ৪ নম্বর ওয়ার্ডের স্বর্ণকার পট্টি এলাকায় এ ঘটনা ঘটে। নিহত রাই কর্মকার স্থানীয় ব্যবসায়ী মন্টু কর্মকার ও শিল্পী কর্মকার দম্পতির মেয়ে। সে গলাচিপা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির মানবিক বিভাগের শিক্ষার্থী। পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, বৃহস্পতিবার সকালে প্রাইভেট পড়ে বাড়িতে ফেরে রাই। পরে পরিবারের সদস্যরা বাসার দোতলার একটি কক্ষে সিলিং ফ্যানের সঙ্গে গলায় ওড়না পেঁচানো অবস্থায় তাকে ঝুলতে দেখেন। পরে খবর পেয়ে গলাচিপা থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ২ এর পাতায় দেখুন


দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

# সম্পাদকীয়

## বিনিয়োগের পরিবেশ প্রয়োজন

দেশের অর্থনীতি রীতিমতো বিপর্যস্ত। নতুন বিনিয়োগ নেই বললেই চলে। ফলে নতুন কর্মসংস্থানও সেভাবে হচ্ছে না, অথচ প্রতিনিয়ত বেড়ে চলেছে কর্মক্ষম জনসংখ্যা। চালু শিল্প-কারখানাগুলোও ধুঁকছে। বহু কারখানা এরই মধ্যে বন্ধ হয়ে গেছে। লাখ লাখ শ্রমিক চাকরি হারাচ্ছে। দীর্ঘ সময় ধরে চলা মূল্যস্ফীতি না কমে আরো বাড়ছে। মানুষের প্রকৃত আয় কমে যাচ্ছে। একই সঙ্গে কমছে ভোক্তার চাহিদা। কমছে উৎপাদনও। আর এই সামগ্রিক নেতিবাচকতার প্রভাব পড়ছে দেশের পুঁজিবাজারে। প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, সামগ্রিক পরিস্থিতিতে বিনিয়োগকারীরা আস্থা হারাচ্ছে। ফলে পুঁজিবাজারে বিরাজ করছে মন্দাভাব। বিশেষজ্ঞরা বলছেন, এই পরিস্থিতি দীর্ঘায়িত হলে পুঁজিবাজার থেকে বিনিয়োগ তুলে নিয়ে যাওয়ার ঝুঁকি বাড়বে। চলতি অর্থবছরের তৃতীয় প্রান্তিকে বিভিন্ন কম্পানির আর্থিক প্রতিবেদন বিশ্লেষণে দেখা গেছে, তালিকাভুক্ত ৫৪টি কম্পানি নতুন করে লোকসানে পড়েছে। ‘জেড’ ক্যাটাগরিতে অবনমন হওয়া কম্পানির সংখ্যা ১০০ ছাড়িয়েছে, যা বাজারের মোট কম্পানির ২৫ শতাংশ। এমনকি নিরাপদ বিনিয়োগ হিসেবে পরিচিত ব্যাংক খাতও এখন লভ্যাংশ দিতে ব্যর্থ হচ্ছে। এক সময়ের ভালো মৌলভিত্তির কম্পানিও একের পর এক ‘জেড’ ক্যাটাগরিতে নেমে যাচ্ছে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) সাবেক চেয়ারম্যান ফারুক আহমেদ সিদ্দিকী বলেন, ‘দেশের সামষ্টিক অর্থনীতি বর্তমানে এক কঠিন চ্যালেঞ্জের মুখোমুখি, যার সরাসরি এবং নেতিবাচক প্রভাব আমরা পুঁজিবাজারে লক্ষ করছি। বেশ কয়েক বছর ধরেই দেশের ব্যবসা-বাণিজ্যে এক ধরনের স্থবিরতা বিরাজ করছে। এর সঙ্গে যুক্ত হয়েছে বৈশ্বিক ও অভ্যন্তরীণ নানা প্রতিকূল ফ্যাক্টর, যা শিল্প উৎপাদন থেকে শুরু করে সাধারণ মানুষের জীবনযাত্রাকে বিপর্যস্ত করে তুলেছে। বিনিয়োগকারীদের আস্থার সংকটে থাকা পুঁজিবাজার মূলত অর্থনীতির আয়না। ফলে সামষ্টিক অর্থনীতির সূচকগুলো যতক্ষণ পর্যন্ত ইতিবাচক ধারায় না ফিরবে, ততক্ষণ বাজার থেকে ভালো কিছু আশা করা কঠিন।’ উদ্যোক্তা ও বিশেষজ্ঞরা বলছেন, বৈশ্বিক অস্থিরতার পাশাপাশি অভ্যন্তরীণ অনেক প্রতিকূলতা রয়েছে, যেগুলো মোকাবেলা করে শিল্পপ্রতিষ্ঠানগুলো লাভজনকভাবে চালানো যাচ্ছে না। উৎপাদনমুখীম প্রতিষ্ঠানগুলো জানিয়েছে, এসব চাপের কারণে উৎপাদন ব্যয় উল্লেখযোগ্য হারে বেড়েছে, যা ব্যাবসায়িক কার্যক্রমে নেতিবাচক প্রভাব ফেলেছে। উচ্চ সুদহার, মধ্যপ্রাচ্য যুদ্ধ-পরবর্তী জ্বালানিসংকট ও গ্যাসসংকটে ৩০ শতাংশের বেশি কমেছে উৎপাদন। উচ্চ মূল্যস্ফীতির কারণে বাজার চাহিদা কমে যাওয়ায় বিক্রিতেও নেতিবাচক প্রভাব পড়েছে। পুঁজিবাজার বিশ্লেষক ও আইসিবির চেয়ারম্যান অধ্যাপক আবু আহমেদ বলেন, “উচ্চ সুদের হার, উৎপাদন ও চাহিদা কমে যাওয়ার কারণে দেশের বেসরকারি খাতে ব্যবসা-বাণিজ্য বড় ধরনের চাপের মুখে পড়েছে। এর প্রভাব এখন বহুজাতিক কম্পানিগুলোর আর্থিক প্রতিবেদনেও স্পষ্টভাবে দেখা যাচ্ছে। অনেক কম্পানি লোকসানে পড়েছে, আবার অনেককে ‘জেড’ ক্যাটাগরিতে নামতে হয়েছে। যেসব কম্পানি এখনো প্রবৃদ্ধি ধরে রাখতে পেরেছে, তাদেরও মুনাফা উল্লেখযোগ্যভাবে কমে গেছে।” ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ডিবিএ) সভাপতি সাইফুল ইসলাম বলেন, ‘পুঁজিবাজারে সবচেয়ে বেশি লভ্যাংশ প্রদানকারী খাত হচ্ছে ব্যাংক ও লিজিং কম্পানি। কিন্তু বর্তমানে এই দুই খাতই সবচেয়ে বেশি সংকটের মধ্যে রয়েছে।’

## পুত্রবধূকে ধর্ষণচেষ্টার অভিযোগে

আলাদা ঘুমাচ্ছিলেন ওই নারী। এ সুযোগে তার শ্বশুর ঘরে প্রবেশ করে তাকে ধর্ষণচেষ্টা চালান। এ ঘটনায় ভুক্তভোগী নারী বাদী হয়ে নলছিটি থানায় মামলা করেন। মামলার পর বৃহস্পতিবার দুপুরে অভিযান চালিয়ে অভিযুক্ত নুরু সরদারকে গ্রেফতার করে পুলিশ। নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুল আলম গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, ভুক্তভোগীর অভিযোগ গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে। আইনগত প্রক্রিয়া শেষে অভিযুক্তকে আদালতে পাঠানো হয়েছে।

## গলাচিপায় সিলিং ফ্যানে

মরদেহ উদ্ধার করে। তবে কী কারণে এ ঘটনা ঘটেছে, সে বিষয়ে তাৎক্ষণিকভাবে নিশ্চিত কোনো তথ্য জানাতে পারেনি পরিবার কিংবা পুলিশ। ঘটনার পর থেকেই পরিবারে নেমে এসেছে শোকের ছায়া। সন্তানের এমন অকাল মৃত্যুতে ভেঙে পড়েছেন তারা। নিহতের মা শিল্পী কর্মকার কান্নাজড়িত কণ্ঠে বলেন, সকালে প্রাইভেট থেকে আমার মেয়ে ঘরে আসে। এর কিছুক্ষণ পর দেখতে পাই এমন ঘটনা। কীভাবে কী হয়ে গেল কিছুই বুঝতে পারছি না। এ বিষয়ে গলাচিপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) ঝিলন সিকদার বলেন, স্কুলছাত্রীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পটুয়াখালী মর্গে পাঠানো হয়েছে। ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। মৃত্যুর প্রকৃত কারণ উদঘাটনে পুলিশ কাজ করছে।

## ভোলায় ব্যবসায়ীদের সঙ্গে

অর্থনৈতিক সম্ভাবনাকে কাজে লাগাতে এ সম্পর্ক সহায়ক ভূমিকা পালন করবে। ভোলা জেলা পরিষদের চেয়ারম্যান ও চেম্বার অব কমার্সের সভাপতি গোলাম নবী আলমগীরের সভাপতিত্বে সভায় আরও বক্তব্য রাখেন, ভোলার অতিরিক্ত জেলা প্রশাসক আবদুল আল মামুন, জেলা বিএনপির সদস্য সচিব রাইসুল আলম, চেম্বার অব কমার্সের পরিচালক তরিকুল ইসলাম কায়েদ প্রমুখ।

## হাম ও হামের উপসর্গে

থেকে এ পর্যন্ত হামে ৭০ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ৩৬৯ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৭ হাজার ৩০৫ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৫৪ হাজার ৪১৯ জন।

## দেশে ভোটার বেড়েছে

১৯ নভেম্বর থেকে সর্বশেষ হালনাগাদ তথ্য অনুযায়ী এই নতুন ভোটাররা তালিকায় অন্তর্ভুক্ত হয়েছেন। এর আগে দেশে মোট ভোটারের সংখ্যা ছিল ১২ কোটি ৭৬ লাখ ৯৫ হাজার ১৮৩ জন। নতুন ভোটার যুক্ত হওয়ার ফলে ভোটার বৃদ্ধির হার দাঁড়িয়েছে শূন্য দশমিক ৫ শতাংশ। নির্বাচন কমিশনের দেওয়া তথ্যমতে, বর্তমানের ১২ কোটি ৮৩ লাখ ২৩ হাজার ২৪০ জন ভোটারের মধ্যে পুরুষ ভোটারের সংখ্যা ৬ কোটি ৫২ লাখ ১২ হাজার ৭৩১ জন এবং নারী ভোটারের সংখ্যা ৬ কোটি ৩১ লাখ ৯ হাজার ২৬৬ জন। সংশ্লিষ্টরা বলছেন, ভোটার তালিকায় এই নিয়মিত অন্তর্ভুক্তি গণতান্ত্রিক প্রক্রিয়াকে আরও শক্তিশালী করবে।

## ২০২৭ সালে এসএসসি

তখন ডিসেম্বরেই এইচএসসি পরীক্ষা নেওয়া যাবে। কোনো গ্যাপ থাকবে না। সেজন্য আমরা বলছি, আর মাত্র দুই বছর পরই এসএসসি-এইচএসসি পরীক্ষা ডিসেম্বরে নিতে পারবো। তখন কারও আপত্তি থাকবে না। এদিকে শিক্ষা মন্ত্রীর এই ঘোষণার পরপরই দেশের ৯টি সাধারণ শিক্ষা বোর্ড ২০২৭ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার প্রস্তাবিত বিস্তারিত সময়সূচি প্রকাশ করেছে। রুটিন অনুযায়ী, ২০২৭ সালের এসএসসি পরীক্ষা ৭ জানুয়ারি বৃহস্পতিবার বাংলা প্রথম পত্রের মাধ্যমে শুরু হবে। এরপর ৯ জানুয়ারি বাংলা দ্বিতীয় পত্র, ১১ ও ১৩ জানুয়ারি ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র এবং ১৬ জানুয়ারি গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের বিভিন্ন বিষয়ের তত্ত্বীয় পরীক্ষাগুলো শেষ হবে ৬ ফেব্রুয়ারি। আর তত্ত্বীয় পরীক্ষা শেষে ১১ ফেব্রুয়ারির মধ্যে সব বিষয়ের ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করার নির্দেশনা দেওয়া হয়েছে। বোর্ড জানিয়েছে, মোট ৩৩টি পত্রে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং পুরো প্রক্রিয়া সম্পন্ন করতে ১৫ দিন সময় প্রয়োজন হবে। অন্যদিকে, প্রস্তাবিত রুটির অনুযায়ী উচ্চমাধ্যমিক বা এইচএসসি পরীক্ষা শুরু হবে ৬ জুন (রোববার) থেকে। প্রথম দিন সকালে বাংলা প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরপর পর্যায়ক্রমে ৮ জুন বাংলা দ্বিতীয় পত্র, ১০ জুন ইংরেজি প্রথম পত্র এবং ১২ জুন ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৪ জুন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরীক্ষা শেষে বিজ্ঞান ও অন্যান্য বিভাগের বিভাগীয় বিষয়গুলোর পরীক্ষা শুরু হবে। ১৩ জুলাই সমাজবিজ্ঞান ও সমাজকর্ম দ্বিতীয় পত্রের পরীক্ষার মাধ্যমে তত্ত্বীয় পরীক্ষা শেষ হওয়ার কথা রয়েছে। এরপর ১৮ জুলাইয়ের মধ্যে সব বিষয়ের ব্যবহারিক পরীক্ষা শেষ করে অনলাইনে নম্বর এন্ট্রি করার নির্দেশ দিয়েছে বোর্ডগুলো। এইচএসসিতে মোট ৭৭টি পত্রের পরীক্ষা সম্পন্ন করতে ২১ দিন সময় লাগবে বলে জানানো হয়েছে। উভয় পরীক্ষার ক্ষেত্রেই পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর অন্তত ৩০ মিনিট আগে কেন্দ্রে উপস্থিত হয়ে আসন গ্রহণ করতে হবে। তবে বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এই সময়সূচি পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন বলে জানানো হয়েছে। এছাড়া বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়েছে, ২০২৭ সালের শিক্ষা প্রতিষ্ঠানের ছুটির তালিকা এখনো চূড়ান্ত না হওয়ায় বিশেষ পরিস্থিতিতে এই তারিখগুলো পরিবর্তিত হতে পারে। এসময় মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগের সচিব আব্দুল খালেক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক (ডিজি) ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল উপস্থিত ছিলেন।

## শাপলায় হত্যা-নির্যাতনের তথ্য

হত্যাকাণ্ড ও নির্যাতনে মৃত্যুর তথ্য লুকানোর প্রচেষ্টায় ছিলেন বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেছেন, তারা ঘটনার প্রকৃত চিত্র আড়াল করার চেষ্টা করেছিলেন। শাপলা চত্বরে হত্যাকাণ্ড ও নির্যাতনে মৃত্যুর তথ্য আড়াল করতে ঘটনাটি ভিন্ন খাতে নেওয়ারও চেষ্টা করা হয়েছিল। বৃহস্পতিবার (১৪ মে) ২০১৩ সালের ৫ মে হেফাজতে ইসলামের সমাবেশে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক মন্ত্রী ডা. দীপু মনি, সাংবাদিক মোজাম্মেল বাবু এবং ফারজানা রুপাকে গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানোর পর সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। চিফ প্রসিকিউটর বলেন, ২০১৩ সালের ৫ মে ঘটনার পরপরই ‘সমীকরণ’ নামের একটি অনুসন্ধানী প্রতিবেদনের মাধ্যমে পরিকল্পিতভাবে বিভ্রান্তিকর তথ্য ছড়ানো হয়েছিল একাত্তর টেলিভিশনে। ওই প্রতিবেদনে এমন ধারণা দেওয়ার চেষ্টা করা হয় যে, শাপলা চত্বরে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। তিনি প্রশ্ন তোলেন, ঘটনার পরপরই এই অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশের প্রয়োজন কেন হলো? এত দ্রুত কাজটি কেন করা হলো? এর পেছনে কোনো উদ্দেশ্য ছিল বলে তিনি মনে করেন। তিনি আরও বলেন, ঘটনার পরপরই প্রতিবেদনটি প্রচার করা হয়েছিল। শাপলা চত্বরে দেশব্যাপী আলোড়ন সৃষ্টিকারী একটি ঘটনা ঘটার পর সেটি ভিন্ন খাতে নিতে কিছু বিতর্কিত ব্যক্তির বক্তব্য নিয়ে বিভ্রান্তিকর তথ্য প্রচার করেন ফারজানা রুপা। প্রসিকিউশনের দাবি, শাপলা চত্বরের প্রকৃত ঘটনা আড়াল করার ক্ষেত্রে মোজাম্মেল বাবু ও ফারজানা রুপার গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। মৃত্যুর তথ্য লুকানোরও চেষ্টা করা হয়েছে। তাদের এই প্রচেষ্টা ছিল একটি সিস্টেমেটিক অ্যাটাকের অংশ। তারা পূর্বপরিকল্পনা অনুযায়ী পদ্ধতিগতভাবে কাজটি বাস্তবায়ন করছেন। কারণ তাদের প্রচারিত প্রতিবেদনে কোনো সত্যতা ছিল না; সেখানে হতাহতের ঘটনা সম্পূর্ণ অস্বীকার করা হয়েছিল। এর আগে রাজধানীর মতিঝিলে শাপলা চত্বরে ২০১৩ সালের ৫ মে হেফাজতে ইসলামের সমাবেশে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক মন্ত্রী ডা. দীপু মনি, সাংবাদিক মোজাম্মেল বাবু এবং ফারজানা রুপাকে গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানো হয়। প্রসিকিউশনের আবেদনের পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার (১৪ মে) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ আদেশ দেন। আগামী ৭ জুন এ মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে। আদালতে এদিন রাষ্ট্রপক্ষে শুনানি করেন প্রসিকিউটর আবদুস সাত্তার পালোয়ান। তিনি আসামিদের গ্রেফতার দেখানোর আবেদন করেন। পরে তাদের কারাগারে পাঠানো হয়। এর আগে, গত ৭ মে দীপু মনি, মোজাম্মেল বাবু এবং ফারজানা রুপাকে হাজির করার নির্দেশ দিয়েছিলেন আদালত। এরই পরিপ্রেক্ষিতে সকালে কারাগার থেকে তাদের ট্রাইব্যুনালে হাজির করা হয়। শুনানির সময় তারা এজলাসের কাঠগড়ায় ছিলেন।

## জামায়াত আমিরের সঙ্গে ইইউ

ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার। বৃহস্পতিবার (১৪ মে) দুপুর ১২টার দিকে জাতীয় সংসদ ভবনের বিরোধীদলীয় নেতার কার্যালয়ে এ বৈঠক হয়। জামায়াতের প্রচার বিভাগ জানায়, বৈঠকে তারা বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। জাতীয় সংসদ নির্বাচন পরবর্তী গণতন্ত্রকে অর্থবহ করা এবং সংস্কার ও গণভোটের রায় বাস্তবায়নের বিষয়টিও অত্যন্ত গুরুত্বের সঙ্গে স্থান পায়। পাশাপাশি আসন্ন স্থানীয় সরকার নির্বাচন সুষ্ঠু ও গ্রহণযোগ্য করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের বিষয়েও আলোচনা হয়। ভবিষ্যতে উভয়ের মধ্যে পারস্পরিক সম্পর্ক, উন্নয়ন ও অগ্রগতির ধারা অব্যাহত থাকবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন। এসময় ইইউ রাষ্ট্রদূতের সঙ্গে ছিলেন পলিটিক্যাল ফার্স্ট সেক্রেটারি সেবাস্টিন রিগার ব্রাউন। জামায়াত আমিরের সঙ্গে উপস্থিত ছিলেন বিরোধীদলীয় নেতার পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমদ বিন কাসেম আরমান এবং এপিএস মোহাম্মদ নজরুল ইসলাম।

## দুর্নীতির তদন্ত শুরু করায়

আগুন দেওয়া হয়েছে বলে মন্তব্য করেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, ‘আপনারা দেখেছেন না যে ডিজি প্রাইমারি অফিসে আগুন লাগিয়ে দিয়েছেন; কাগজপত্র, নথিপত্র, কম্পিউটার সব পুড়িয়ে দিয়েছেন। পেছনের জিনিসপত্র নিয়ে খোঁজ নিতে গেলেই এমন হবে। সমস্যা বাড়বে। প্রাথমিকের অফিসে আগুন লাগিয়ে দেওয়া হয়েছে একই কারণে। এখন কী করবেন? ধীরে ধীরে কৌশলে শুরু করতে হবে।’ বৃহস্পতিবার (১৪ মে) বিকেলে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। শিক্ষকদের জাল সনদ ধরা পড়ছে, আরও জাল শিক্ষক রয়েছেন। তাদের ধরতে কী ধরনের পদক্ষেপ নেওয়া হবে- এমন প্রশ্নে শিক্ষামন্ত্রী বলেন, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ) থেকে একদম নতুনভাবে জাল শিক্ষক শনাক্ত করার চেষ্টা চলছে। আমাদের সফটওয়্যারও ডেভলপ হচ্ছে। নতুন অ্যাপ আসছে, সেগুলোতে তাদের সনদ যাচাই করা হবে। একদিনে তো সব হবে না, কারণ এগুলো অনেক বছর ধরে হয়ে আসছে। গত ১ মে ভোর ৫টার দিকে রাজধানীর মিরপুরে অবস্থিত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নতুন ভবনে অগ্নিকাণ্ড ঘটে। এতে বেশ কয়েকটি কক্ষের নথিপত্র ও গুরুত্বপূর্ণ জিনিসপত্র পুড়ে ভস্মীভূত হয়।

## ঈদে টানা ৭ দিন

মন্ত্রণালয়। বৃহস্পতিবার (১৪ মে) এ প্রজ্ঞাপন জারি করা হয়। এর আগে (৭ মে) মন্ত্রিসভা বৈঠকে ঈদ উপলক্ষে ২৫ মে নির্বাহী আদেশে ছুটি ঘোষণা করে সরকার। এতে সরকারি চাকরিজীবীদের টানা সাত দিনের ছুটি ভোগের সুযোগ তৈরি হয়। সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে, ঈদযাত্রা নির্বিঘ্ন করতে মূলত দীর্ঘ ছুটির এ সুযোগ করে দেওয়া হয়েছে। তবে ২৩ ও ২৪ মে (শনি ও রোববার) অফিস খোলা থাকবে। অর্থাৎ একটি সাপ্তাহিক ছুটির দিনে (২৩ মে) অফিস করতে হবে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৮ মে দেশে মুসলমানদের দ্বিতীয় বড় ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল আজহা বা কোরবানির ঈদ উদযাপিত হবে। ছুটি ঘোষণার প্রজ্ঞাপনে বলা হয়েছে, আসন্ন ঈদুল আজহা উপলক্ষে দেশব্যাপী সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস আগামী ২৫ মে (সোমবার) থেকে ৩১ মে (রোবাবার) পর্যন্ত বন্ধ থাকবে এবং আগামী ২৩ ও ২৪ মে (শনি ও রোববার) অফিস খোলা থাকবে। ছুটির আওতার বাইরে থাকবে যারা # জরুরি পরিষেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীরা এই ছুটির আওতার বাইরে থাকবে। # হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীরা এই ছুটির আওতার বাইরে থাকবে। # চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীরা এবং ওষুধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীরা এই ছুটির আওতার বাইরে থাকবে। # জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিস এই ছুটির আওতার বাইরে থাকবে। ব্যাংকিং কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা দেবে। আদালতের কার্যক্রমের বিষয়ে সুপ্রিম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা দেবে। বেসরকারি খাতের শিল্প প্রতিষ্ঠান/কল-কারখানা ও প্রতিষ্ঠানের জন্য সাধারণ ছুটি ঘোষণার ক্ষেত্রে ‘বাংলাদেশ শ্রম আইন, ২০০৬’ অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা দেবে বলেও প্রজ্ঞাপনে জানানো হয়েছে।

## বরিশালসহ ১০ বিশ্ববিদ্যালয়ে

দেওয়া হয়েছে। যোগদানের তারিখ থেকে পরবর্তী চার বছর অথবা অবসর গ্রহণের তারিখ পর্যন্ত যেটি আগে ঘটবে তিনি উপাচার্যের দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালনকালে তিনি তার বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতা পাবেন এবং বিধি অনুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন। এছাড়া বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে তাকে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করতে হবে বলেও প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে। তথ্য মতে, ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন বিশ্ববিদ্যালয়টির লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক ড. এ কে এম মতিনুর রহমান। রাজনৈতিক জীবনে তিনি বিএনপিপন্থী শিক্ষক হিসেবে সুপরিচিত। তিনি বিএনপিপন্থী শিক্ষকদের সংগঠন ইউনিভার্সিটি টিচার্স অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ (ইউট্যাব)-এর কেন্দ্রীয় সহ-সভাপতি এবং ইসলামী বিশ্ববিদ্যালয় সাদা দলের আহবায়ক হিসেবে নিয়োজিত আছেন। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন বিশ্ববিদ্যালয়টির ইংরেজি বিভাগের অধ্যাপক ড. এম এম শরীফুল করিম। রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রাবিপ্রবি) নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. জয়নুল আবেদীন সিদ্দিকী। এর আগে অধ্যাপক ড. জয়নুল আবেদীন সিদ্দিকী জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহে ট্রেজারারের দায়িত্ব পালন করেছেন। ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইকবাল। তিনি বর্তমানে সিলেটের নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশের উপাচার্য হিসেবেও দায়িত্ব পালন করছেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওশানোগ্রাফি অনুষদের ডিন প্রফেসর ড. মো. মামুন অর রশিদ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. আনিসুর রহমানকে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) উপাচার্য হিসেবে নিয়োগ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ড. গোলাম রব্বানী। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড রিসার্চের (আইএসডব্লিউআর) অধ্যাপক হিসেবে কর্মরত রয়েছেন। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর ড. মোহাম্মদ মোশারফ হোসেন। পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ড. আবুল হাসনাত মোহা. শামীম। ড. শামীম বর্তমানে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ডেভেলপমেন্টের (এসএআরডি) অধ্যাপক এবং ট্রেজারার হিসেবে দায়িত্ব পালন করছেন। জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (জাবিপ্রবি) নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আমির হোসেন ভূঁইয়া। ২০২৪ সালে জুলাই গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর সেই আমলে নিয়োগ পাওয়া উপাচার্য ও উপ-উপাচার্যসহ শীর্ষ পদে নিয়োগ পাওয়া শিক্ষকরা আন্দোলন ও তোপের মুখে একের পর এক পদত্যাগ করেন। মেয়াদ শেষ এবং কার্যক্রম শুরু হওয়া নতুন বিশ্ববিদ্যালয়সহ অন্তর্বর্তী সরকার ৫৬টি বিশ্ববিদ্যালয়ে চার বছরের জন্য শর্তসাপেক্ষে নতুন উপাচার্য নিয়োগ দেয়। বর্তমানে বেশিরভাগ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের অন্তর্বর্তীকালীন সরকারের আমলে নিয়োগ দেওয়া হয়েছে। কিন্তু নানা অনিয়ম ও দুর্নীতির সঙ্গে জড়িয়ে সমালোচনার মুখে পড়েছেন তারা। আবার জামায়াত কিংবা অন্য আদর্শের উপাচার্যদের রাখতে চাইছে না সরকার। এর বাইরে শীর্ষ এই পদে থেকে যারা ভালো করতে পারেননি, তাদের পরিবর্তনের চিন্তা রয়েছে। পরিবর্তনের এই তালিকায় রয়েছেন অন্তত ৩০টি বিশ্ববিদ্যালয়ের ভিসি। বর্তমান বিএনপি সরকারও ক্ষমতায় এসে প্রথম ধাপে গত মার্চে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটিতে নতুন উপাচার্য নিয়োগ দেয়। এরপর আলাদাভাবে আরও কয়েকটি বিশ্ববিদ্যালয়ের ভিসি নিয়োগ দেওয়া হয়। সংশ্লিষ্ট সূত্র জানায়, চার বছরের জন্য একজন শিক্ষককে শর্তসাপেক্ষে উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়। সেখানে একটি শর্ত থাকে রাষ্ট্রপতি (আচার্য) প্রয়োজন মনে করলে যে কোনো সময় এই নিয়োগ বাতিল করতে পারেন।

## দুইশ টাকার জন্য অক্সিজেন মাস্ক

সোহেল সেখানে হাজির হন। পাশের অন্য এক রোগীর স্বজনরা ট্রলিটি নেওয়ার জন্য সোহেলকে ২০০ টাকা দেয়। টাকার লোভে সোহেল আমার বোনের ছটফটানি উপেক্ষা করেই অক্সিজেনের লাইনটি বিচ্ছিন্ন করে দেয়। আমরা হাত-পা ধরলেও সে শোনেনি। অক্সিজেন খোলার ঠিক দুই মিনিটের মাথায় বোন মারা যায়। এটা স্বাভাবিক মৃত্যু নয়, আমার বোনকে খুন করা হয়েছে।’ দিপালীর মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে স্বজনরা ক্ষোভে ফেটে পড়েন। তারা অভিযুক্ত কর্মচারী সোহেলকে টেনেহিঁচড়ে মারধর করেন। এসময় হাসপাতালের অন্য স্টাফরা সোহেলের পক্ষ নিয়ে দিপালীর স্বজনদের ওপর চড়াও হন। একপর্যায়ে সংঘর্ষে জড়ান তারা। পরে দায়িত্বরত আনসার সদস্যরা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। দায়িত্বরত আনসার সদস্য নিঠু রঞ্জন জানান, রোগীর মৃত্যুকে কেন্দ্র করে উত্তেজিত স্বজনরা সোহেল নামের ওই কর্মচারীকে বেদম মারধর করছিল। পরে ঘটনাস্থলে গিয়ে আমরা দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণে এনে তাকে উদ্ধার করি। বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ডা. একেএম মশিউল মুনীর বলেন, এ ঘটনায় অভিযুক্তকে তাৎক্ষণিকভাবে সাময়িক বরখাস্ত করা হয়েছে। তার বেতন বন্ধ রাখতে নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি বৃহস্পতিবার এ ব্যাপারে তদন্ত কমিটি গঠন করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। বরিশাল কোতোয়ালি মডেল থানার ওসি আল মামুন উল ইসলাম বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ ঘটনায় নিহতের স্বজনদের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

## নগরীতে মেয়াদোত্তীর্ণ কীট ব্যবহার ও সনদ

বিরুদ্ধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন অনুযায়ী জরিমানা আদায় করা হয়। জরিমানাপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলো হলো লাইফ লাইন ডায়াগনস্টিক সেন্টারকে ১৫ হাজার টাকা জরিমানা, নিউ ল্যাব মেডিকেল সার্ভিসেসকে ৬ হাজার টাকা, যমুনা ডায়াগনস্টিক সেন্টারকে ১২ হাজার টাকা, হেলথ হ্যাবেন ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টারকে ১৫ হাজার টাকা, ল্যাব পয়েন্ট ডায়াগনস্টিক সেন্টারকে ৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এনএসআই সূত্র জানায়, গোয়েন্দা সদস্যরা দীর্ঘদিন ধরে প্রতিষ্ঠানগুলোতে গোপন নজরদারি চালিয়ে আসছিলেন। পরবর্তীতে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনের পর ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরকে অবহিত করা হলে যৌথ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে এনএসআই বরিশাল জেলা কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারী, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের জেলা ও বিভাগীয় কর্মকর্তারা এবং বরিশাল মেট্রোপলিটন পুলিশের রিজার্ভ ফোর্সের সদস্যরা অংশ নেন। গোয়েন্দা কর্মকর্তারা জানান, এ ধরনের অসাধু ব্যবসাপ্রতিষ্ঠানের বিরুদ্ধে তাদের গোপন নজরদারি ও অভিযান অব্যাহত থাকবে। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপপরিচালক অপূর্ব অধিকারী বলেন, আমরা নিয়মিত ডায়াগনস্টিক সেন্টারগুলোতে অভিযান পরিচালনা করে আসছি। জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যহত থাকবে।

## লঞ্চে সন্তান প্রসব, প্রসূতির

মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন বিষয়টি জানিয়েছেন। লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম বলেন, বৃহস্পতিবার এক গর্ভবতী নারী উন্নত চিকিৎসার জন্য ভোলা থেকে লঞ্চে করে ঢাকা যাচ্ছিলেন। লঞ্চটি বেলা ১১টায় চাঁদপুরের মোহনপুর লঞ্চঘাট সংলগ্ন এলাকায় পৌঁছালে তাঁর প্রসব বেদনা শুরু হয়। তাৎক্ষণিকভাবে শিশুর জন্ম হয় এবং প্রসূতির শারীরিক অবস্থা সংকটাপন্ন হয়ে পড়ে। এ সময় লঞ্চের সুপারভাইজার কোস্ট গার্ডের জরুরি সেবা নম্বর ১৬১১১ এ কল করে সহায়তা চায়। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কোস্ট গার্ড আউটপোস্ট মোহনপুর থেকে কোস্ট গার্ডের একটি মেডিকেল টিম অতিদ্রুত মোহনপুর লঞ্চঘাটে যায়। মেডিকেল টিম ওই প্রসূতির ও নবজাতককে প্রাথমিক চিকিৎসা দেয়। পরে মোহনপুর ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু হাসপাতালে পৌঁছে দেয়।

## আমতলীতে যুবককে কুপিয়ে

তাঁকে উদ্ধার করে আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিয়ে যায়। ওই হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক শুভেন্দু রায় বলেন, হাসপাতালে আনার আগেই তাঁর মৃত্যু হয়েছে। নিহতের দুই পায়ে ধারালো অস্ত্রের গভীর আঘাতের চিহ্ন ছিল। অতিরিক্ত রক্তক্ষরণেই তাঁর মৃত্যু হয়েছে বলে ধারণা করা হচ্ছে। নিহতের ছোট বোন শাহিনুর বলেন, ‘আমার ভাইকে যারা এমন নৃশংসভাবে হত্যা করেছে, আমি তাদের শাস্তি চাই।’ তবে নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয় কয়েকজন বলেন, মনোয়ার হোসেন দীর্ঘদিন ধরে এলাকায় মাদক কারবারের সঙ্গে জড়িত ছিলেন। মাদক-সংক্রান্ত কোনো বিরোধের জেরে এ হত্যাকাণ্ড ঘটে থাকতে পারে। খবর পেয়ে রাতেই পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। বৃহস্পতিবার দুপুরে মরদেহ ময়নাতদন্তের জন্য বরগুনা জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাহাদাৎ মো. হাচনাইন পারভেজ বলেন, সুরতহাল প্রতিবেদন শেষে মরদেহ মর্গে পাঠানো হয়েছে। ঘটনাটিকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে। হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের শনাক্ত ও গ্রেপ্তারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

## উপাচার্যের নির্দেশে খোলা হলো

এবং এখন থেকে দপ্তরগুলোর কার্যক্রম স্বাভাবিকভাবে চলবে। পরবর্তীতে উপচার্য প্রশাসনিক কক্ষগুলো ঘুরে দেখেন। বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, গত সোমবার পদোন্নতির দাবিতে আন্দোলনরত শিক্ষকরা উপাচার্যকে অবাঞ্ছিত ঘোষণা করে বিভিন্ন দপ্তরে তালা ঝুলিয়ে দেন। তিন দিন পর প্রশাসনিক কার্যক্রম সচল রাখতে তালা অপসারণ করা হয়। এদিকে শিক্ষকদের শাটডাউন কর্মসূচির কারণে শিক্ষার্থীদের মধ্যে চরম ভোগান্তি তৈরি হয়েছে। বাতিল হওয়া ৪৬টি পরীক্ষার কারণে সেশনজট বাড়ছে। বিশেষ করে অনার্স শেষ বর্ষের শিক্ষার্থীরা চাকরির আবেদন করতে না পারায় ক্ষোভ প্রকাশ করেছেন। উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলম বলেন, শিক্ষকরা আলোচনায় না আসায় প্রশাসনিক কার্যক্রম স্বাভাবিক রাখতে দপ্তরগুলোর তালা অপসারণ করা হয়েছে। বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ বলেন, কয়েকজন শিক্ষকের পদোন্নতি নিয়ে পুরো বিশ্ববিদ্যালয় বন্ধ রাখা সমীচীন নয়। আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান হওয়া উচিত এবং শিক্ষকদের ক্লাসে ফিরে আসার আহ্বান জানান তিনি।

## ঈদে লঞ্চের ভাড়া

বৃহস্পতিবার (১৪ মে) ঢাকার সিরড্যাপ ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব আব্দুর রহমান তরফদার। এতে প্রধান অতিথি ছিলেন শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী। সভায় মন্ত্রী আগামী ২১ মে’র মধ্যে দেশের সব কারখানায় শ্রমিকদের ঈদ বোনাস এবং নির্ধারিত সময়ের মধ্যে মাসিক বেতন পরিশোধের নির্দেশ দেন। তিনি বলেন, শ্রমিকদের ঈদযাত্রা নিরাপদ ও নির্বিঘ্ন করতে সরকার বদ্ধপরিকর। সড়কে যানজট এড়াতে মালিক ও শ্রমিক পক্ষের সমঝোতার ভিত্তিতে পর্যায়ক্রমে কারখানাগুলো ছুটি দেওয়ার নির্দেশনাও দেওয়া হয়েছে। সভায় উপস্থিত নৌ-পরিবহন মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, শ্রমিকদের ঈদযাত্রা সহজ করতে সব রুটে জাহাজ ও লঞ্চের ভাড়া ১০ শতাংশ কমানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শ্রমিক নেতারা বলেন, সময়মতো বেতন ও বোনাস পরিশোধ করা হলে শিল্পাঞ্চলে কোনো ধরনের অস্থিরতা সৃষ্টি হবে না। তবে যেসব কারখানায় এখনো বকেয়া বেতন রয়েছে, সেখানে দ্রুত সরকারি হস্তক্ষেপ কামনা করেন তারা। একই সঙ্গে শ্রমিকদের ঈদযাত্রা নির্বিঘ্ন করতে বিশেষ বাস, ট্রেন ও লঞ্চের ব্যবস্থা করার আহ্বান জানান শ্রমিক প্রতিনিধিরা। সভায় জানানো হয়, বেতন-বোনাস পরিশোধ এবং সার্বিক নিরাপত্তা নিশ্চিতে স্থানীয় প্রশাসন, জেলা পুলিশ ও ইন্ডাস্ট্রিয়াল পুলিশকে বিশেষ নির্দেশনা দেওয়া হয়েছে। যে কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীও প্রস্তুত রয়েছে বলে জানান স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের সভাপতি ফজলে শামীম এহসান, জাতীয়তাবাদী শ্রমিক দলের সভাপতি আনোয়ার হোসাইনসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা এবং মালিক ও শ্রমিক পক্ষের প্রতিনিধিরা।

## বাউফলে উজ্জ্বল হত্যাকারীদের

পরিবেশের সৃষ্টি হয়। অংশগ্রহণকারীরা হত্যাকারীদের দ্রুত আইনের আওতায় আনার দাবিতে বিভিন্ন স্লোগান দেন। মানববন্ধনে বক্তব্য রাখেন উপজেলা পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক অতুল চন্দ্র পাল, বাউফল প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও দৈনিক ইত্তেফাকের বাউফল প্রতিনিধি কৃষ্ণকান্ত কর্মকার, বন্দরের বিশিষ্ট ব্যবসায়ী সাহেদুল ইসলাম সুমন এবং নিহত উজ্জ্বল কর্মকারের ভাই আনন্দ কর্মকার। বক্তারা বলেন, উজ্জ্বল কর্মকারকে প্রকাশ্যে নির্মমভাবে পিটিয়ে হত্যা করা হয়েছে। ঘটনার এতদিন পেরিয়ে গেলেও মামলার সব আসামিকে গ্রেফতার করা হয়নি। এতে নিহতের পরিবার চরম নিরাপত্তাহীনতায় ভুগছে। তারা অভিযোগ করেন, একটি প্রভাবশালী মহল ঘটনাটি ভিন্ন খাতে প্রবাহিত করার চেষ্টা করছে। অবিলম্বে হত্যাকাণ্ডে জড়িত প্রত্যেককে গ্রেফতার করে দ্রুত বিচার মাধ্যমে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার দাবি জানান বক্তারা। নিহতের পরিবার সূত্রে জানা গেছে, গত ৩০ মার্চ উপজেলার চন্দ্রদ্বীপ ইউনিয়নের চরদিয়ারা কচুয়া এলাকায় জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে প্রতিপক্ষের লোকজন উজ্জ্বল কর্মকারের ওপর হামলা চালায়। গুরুতর আহত অবস্থায় তাকে বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নেওয়ার পথে তার মৃত্যু হয়। এ ঘটনায় নিহতের পরিবারের পক্ষ থেকে বাউফল থানায় একটি হত্যা মামলা দায়ের করা হয়েছে। তবে মামলার কয়েকজন আসামি এখনো গ্রেফতার না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেছেন স্বজন ও এলাকাবাসী। তারা দ্রুত তদন্ত সম্পন্ন করে জড়িতদের আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন। বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, উজ্জ্বল হত্যাকাণ্ডকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে তদন্ত হচ্ছে। এজাহার ভুক্তদের মধ্যে পাঁচ জনকে গ্রেফতার করা হয়েছে। অন্যান্য আসামীদের গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে।

## বানারীপাড়া ইয়াবাসহ ‘ল্যাংটা

পরে বৃহস্পতিবার দুপুরে তাকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।

## ওসমান হাদি হত্যার বিচার

হাদি ছিলেন তাদের শিক্ষাপ্রতিষ্ঠানের একজন গর্বিত সাবেক শিক্ষার্থী। ওসমান হাদি বাংলাদেশকে নতুন করে সাজাতে চেয়েছিলেন। তিনি একটি সুন্দর ও বৈষম্যহীন বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখতেন। তার হত্যাকাণ্ডের বিচার দ্রুত নিশ্চিত করতে হবে। বিচারহীনতার সংস্কৃতি আর চলতে দেওয়া যায় না বলেও মন্তব্য করেন তারা। বক্তারা আরও অভিযোগ করেন, হাদি হত্যার ঘটনায় জড়িত ব্যক্তিকে ভারতে আগেই আটক করা হলেও বিচার প্রক্রিয়ায় রহস্যজনক ধীরগতি দেখা যাচ্ছে। এই হত্যাকাণ্ডকে ধামাচাপা দেওয়ার চেষ্টা করা হচ্ছে বলেও তারা দাবি করেন। বিক্ষোভ সমাবেশে বক্তব্য দেন দাখিল পরীক্ষার্থী আরিফুল ইসলাম, মোহাম্মদ সায়েম, বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মোহাম্মদ রাকিবুল ইসলাম এবং সমাজকর্মী মেহেদী হাসান খালিদ। উল্লেখ্য, ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থান-পরবর্তী সময়ে গঠিত রাজনৈতিক-সাংস্কৃতিক সংগঠন ‘ইনকিলাব মঞ্চ’-এর মুখপাত্র হিসেবে দায়িত্ব পালন করেন শরীফ ওসমান বিন হাদি। বিভিন্ন রাজনৈতিক কর্মসূচি, আন্দোলন ও বক্তব্যের মাধ্যমে তিনি আলোচনায় আসেন। জুলাই শহীদদের অধিকার রক্ষা, ভারতীয় আধিপত্যবাদবিরোধী অবস্থান এবং আওয়ামী লীগ নিষিদ্ধকরণ আন্দোলনসহ বিভিন্ন ইস্যুতে তিনি সক্রিয় ছিলেন বলে জানা যায়।

## কলাপাড়ায় রহমতপুর খালের

সূত্রে জানা যায়, খালরে জমি দখল করে বিভিন্ন ব্যক্তি স্থায়ী ও অস্থায়ী স্থাপনা নির্মাণ করেছিলেন। দীর্ঘদিন পর প্রশাসনের এমন উদ্যোগে সন্তোষ প্রকাশ করেছেন পরিবেশকর্মী ও পৌরবাসী। সকাল থেকেই বিপুল সংখ্যক মানুষ উচ্ছদে অভিযানের প্রতি সমর্থন জানাতে ঘটনাস্থলে উপস্থিতি হন। কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা কাউছার হামদি বলনে, “রহমতপুর খালের সব ধরনের অবৈধ দখল উচ্ছদে করা হবে। স্থাপনা অপসারণের পর সরকারি নির্দশেনা অনুযায়ী খাল খননের কাজ শুরু করা হবে। এ বিষয়ে একটি প্রস্তাবনা অনুমোদনের অপেক্ষায় রয়েছে।”

## পবিপ্রবিতে হামলা ॥ চলছে কর্মবিরতি

ইউনিয়নের চরবয়ড়া গ্রামের জাফর হাওলাদারের ছেলে। দুমকি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেলিম উদ্দিন বলেন, মামলা দায়েরের পরপরই আসামিদের গ্রেফতারে বিশেষ টিম গঠন করা হয়। অভিযানের অংশ হিসেবে গোলাম কিবরিয়াকে তার বাড়ি থেকে গ্রেফতার করা হয়েছে। তাকে আদালতে পাঠানো হবে। এছাড়া বাকি আসামিদের গ্রেফতারের চেষ্টা চলছে। এদিকে বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের অপসারণ ও আন্দোলনকারীদের ওপর হামলার বিচারের দাবিতে চতুর্থ দিনের মতো অনির্দিষ্টকালের কর্মবিরতি পালন করছেন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা। বৃহস্পতিবার (১৪ মে) বেলা ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নিয়ে কর্মসূচি শুরু করেন আন্দোলনকারীরা। পরে সেখানে অবস্থান কর্মসূচি শেষে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও সাধারণ শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করেন। মিছিল চলাকালে তারা উপাচার্যের অপসারণ দাবিতে বিভিন্ন স্লোগান দেন। আন্দোলনকারীরা জানান, তাদের ওপর হামলার বিচার এবং উপাচার্যের অপসারণ না হওয়া পর্যন্ত এ আন্দোলন চলমান থাকবে। কর্মসূচিতে অংশগ্রহণকারীরা বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনারও দাবি জানান। এর আগে, গত সোমবার (১১ মে) সকাল ৯টার দিকে প্রশাসনিক ভবনের সামনে অবস্থান ধর্মঘট শুরু করেন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা। তারা উপাচার্যের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ এনে তাকে অবাঞ্ছিত ঘোষণা করেন। কর্মসূচি চলাকালে সকাল সাড়ে ৯টার দিকে যুবদল নেতা রিপন শরীফের নেতৃত্বে বহিরাগতরা ক্যাম্পাসে প্রবেশ করে আন্দোলনরত শিক্ষক-কর্মকর্তাদের ওপর হামলা চালায়। এতে ৩০ জন কর্মকর্তা-কর্মচারী আহত হন।

## বরিশালে জেলা শ্রম ক্রাইসিস

ভূমিকা পালন করে। কর্মঘণ্টা নির্দিষ্ট করার গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, কাজ করার ক্ষেত্রে শ্রমিকদের দেশে প্রচলিত শ্রম আইন অনুযায়ী নির্ধারিত কর্মঘণ্টা মেনে কাজ করতে হবে। কেননা শ্রম আইন বাস্তবায়ন এবং শ্রমিকদের অধিকার রক্ষায় এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশ শ্রম আইন অনুযায়ী শ্রমিকদের দৈনিক সর্বোচ্চ ৮ ঘণ্টা কাজ করার বিধান রয়েছে। অতিরিক্ত কাজ করলে শ্রমিকরা ওভারটাইম ভাতা পাবেন, তবে তা আইনসিদ্ধ সীমার মধ্যে হতে হবে। বিভিন্ন কলকারখানা ও শিল্প প্রতিষ্ঠানের মালিকদের উদ্দেশে তিনি বলেন, আপনাদের মনে রাখতে হবে অতিরিক্ত কর্মঘণ্টার ফলে শ্রমিকদের স্বাস্থ্যহানি, দুর্ঘটনা ও উৎপাদনশীলতা হ্রাসসহ নানা সমস্যা সৃষ্টি হতে পারে। কাজের প্রতি শ্রমিকদের আগ্রহ বাড়াতে তাদের জন্য প্রণোদনা কর্মসূচি চালু করার পাশাপাশি বোনাস, চাকরির স্থায়ীত্বের নিশ্চয়তা, সেরা কর্মীর পুরস্কার ও বিশেষ প্রশিক্ষণ সুবিধার ব্যবস্থা রাখতে হবে। এসব উদ্যোগ গ্রহণ করলে শ্রমিকদের মধ্যে প্রতিযোগিতা ও উৎপাদনশীলতা বৃদ্ধির পাশাপাশি তাদের মানসিক স্বাস্থ্যেরও উন্নতি ঘটবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মো. মাসুম বিল্লাহ, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর বরিশালের উপ মহা পরিদর্শক নবীন কুমার হাওলাদার, শ্রমিক ফেডারেশনের নেতৃবৃন্দ, প্রতিষ্ঠান মালিক, ব্যবসায়ী ও শ্রমিক।

## মঠবাড়িয়ায় শিশু ধর্ষণ মামলায়

সূত্রে জানা যায়, ভুক্তভোগী শিশুটির বাবা-মা দুজনেই মানসিক প্রতিবন্ধী ছিলেন এবং ভিক্ষাবৃত্তির মাধ্যমে জীবিকা নির্বাহ করতেন। শিশুটি স্থানীয় একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেণির ছাত্রী। ২০১৬ সালের ১৭ আগস্ট দুপুরে স্কুল ছুটির পর শিশুটি বাড়ি না ফেরায় পরিবারের সদস্যরা খোঁজাখুঁজি শুরু করেন। পরে তার খালা ও প্রতিবেশীরা তাকে স্কুল সংলগ্ন এলাকার পাশে দেখতে পান। জিজ্ঞাসাবাদে শিশুটি জানায়, তাকে চানাচুর ও টাকা দেওয়ার প্রলোভন দেখিয়ে মৎস্য ঘেরের পাহারা ঘরে নিয়ে যাওয়া হয়। সেখানে প্রধান আসামি নজরুল ইসলাম সরদার তাকে ধর্ষণ করে। অভিযোগ অনুযায়ী, সহযোগী আসামি গোলাপী বেগম একাধিকবার একইভাবে শিশুটিকে সেখানে নিয়ে যায় এবং ঘটনার সহায়তা করে। শিশুটি আরও জানায়, পূর্বেও তাকে একইভাবে প্রলোভন দেখিয়ে একাধিকবার ওই স্থানে নিয়ে গিয়ে ধর্ষণের ঘটনা ঘটে। ঘটনার পর ২০১৬ সালের ২৭ আগস্ট স্থানীয় দফাদার মহানন্দ বালা বাদী হয়ে মঠবাড়িয়া থানায় মামলা দায়ের করেন। দীর্ঘ ১০ বছরের তদন্ত ও বিচারিক প্রক্রিয়ায় সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে আদালত বৃহস্পতিবার এই রায় দেন। এ বিষয়ে নারী-শিশু পিপি অ্যাডভোকেট নূরুল ইসলাম সরদার বলেন, দীর্ঘ ১০ বছর পর সকল সাক্ষ্যপ্রমাণ গ্রহণের মাধ্যমে বৃহস্পতিবার আদালত ২ জনের যাবজ্জীবন প্রদান করেছে।

## শির সঙ্গে অত্যন্ত ইতিবাচক

বক্তব্য দেওয়ার সময় এই মন্তব্য করেন তিনি। গ্রেট হল অব দ্য পিপলে আয়োজিত জমকালো অনুষ্ঠানে ট্রাম্প বলেন, আজ দিনভর চীনা প্রতিনিধি দলের সঙ্গে আমাদের অত্যন্ত ইতিবাচক ও ফলপ্রসূ আলোচনা এবং বৈঠক হয়েছে। এই সন্ধ্যাকে তিনি বন্ধুদের মধ্যে আলাপচারিতার এক মূল্যবান সুযোগ বলেও অভিহিত করেছেন। বেইজিংয়ে চীনা প্রেসিডেন্টের সঙ্গে এই শীর্ষ সম্মেলনকে অত্যন্ত ইতিবাচক আখ্যা দেওয়ার পাশাপাশি আগামী সেপ্টেম্বরে তাকে যুক্তরাষ্ট্র সফরের আমন্ত্রণ জানিয়েছেন ট্রাম্প। তিনি বলেন, প্রেসিডেন্ট শি, আপনার এই চমৎকার অভ্যর্থনার জন্য আবারও ধন্যবাদ। আপনাকে এবং মাদাম পেংকে (চীনের ফার্স্ট লেডি পেং লিউয়ান) আগামী ২৪ সেপ্টেম্বর হোয়াইট হাউস সফরের আমন্ত্রণ জানাতে পেরে আমি গর্বিত। আমরা আপনাদের অপেক্ষায় থাকব। ভোজসভায় মার্কিন ও চীনা জনগণের মধ্যে ‘সমৃদ্ধ ও দীর্ঘস্থায়ী সম্পর্কের’ প্রতি সম্মান জানিয়ে ট্রাম্প বলেন, এটি অত্যন্ত বিশেষ এক সম্পর্ক। আমি আপনাকে আবারও ধন্যবাদ জানাতে চাই; এটি ছিল এক অসাধারণ সময়। ট্রাম্প বলেন, ??‘‘আজ আমাদের মধ্যে যেসব বিষয়ে ফলপ্রসূ আলোচনা হয়েছে, তা যুক্তরাষ্ট্র ও চীন উভয় দেশের জন্যই কল্যাণকর। আপনার সঙ্গে এই সময়টি কাটানো আমার জন্য ছিল সম্মানের।” আমেরিকান ও চীনা জনগণের সম্পর্ক যুক্তরাষ্ট্রের জন্মলগ্ন থেকেই বিদ্যমান বলে মন্তব্য করেন ট্রাম্প। এ সময় শির আতিথেয়তার ভূয়সী প্রশংসা করে তিনি বলেন, দুই দেশের মধ্যে কঠোর পরিশ্রম, সাহস ও সাফল্যের মতো অনেক অভিন্ন মূল্যবোধ রয়েছে। তিনি বলেন, আমরা দুই দেশ ঐক্যবদ্ধ থাকলে বিশ্ব এক অনন্য রূপ পায়। গত ৯ বছরের মধ্যে প্রথম কোনও ক্ষমতাসীন মার্কিন প্রেসিডেন্ট হিসেবে তিন দিনের রাষ্ট্রীয় সফরে বর্তমানে চীনে অবস্থান করছেন ট্রাম্প।

## পশ্চিমবঙ্গে অনুমতি ছাড়া গরু

টাইমস জানিয়েছে, শুভেন্দু অধিকারীর সরকার এক্ষেত্রে ১৯৫০ সালের বেঙ্গল আইন ও ২০১৮ সালের কলকাতা হাইকোর্টের নির্দেশনার কথা উল্লেখ করেছে। তারা বলেছে, সার্টিফিকেট ছাড়া গরু-মহিষ জবাই সম্পূর্ণ নিষিদ্ধ। আর এ সার্টিফিকেট দেবেন পৌরসভার প্রধান অথবা পঞ্চায়েত সমিতির সভাপতি। সঙ্গে সার্টিফিকেটে সরকারি ভেটেনারি কর্মকর্তার স্বাক্ষর থাকতে হবে। কেউ যদি গরু-মহিষ জবাইয়ের অনুমতি নিতে চান তাহলে তাকে প্রমাণ দিতে হবে তার পশুটির বয়স ১৪ বছরের বেশি এবং এটির কর্ম ও প্রজনন ক্ষমতা আর নেই। এরপর বিষয়টি লিখিত আকারে উল্লেখ করে ফিটনেস সার্টিফিকেট নিতে হবে। তবে কোনো পশু যদি বয়সের ভারে আর চলাফেরা না করতে পারে, আঘাতপ্রাপ্ত হয়, অঙ্গবিকৃতি ঘটে অথবা অনিরাময়যোগ্য রোগে আক্রান্ত হয় তাহলে সার্টিফিকেট নিয়ে ১৪ বছর হওয়ার আগেই এটি জবাই করা যাবে। পশ্চিমবঙ্গ সরকার রাস্তার ধারের সব কসাইখানাও বন্ধ করার নির্দেশ দিয়েছে। এখন থেকে শুধুমাত্র পৌরসভা অথবা স্থানীয় প্রশাসনের ঠিক করা কসাইখানায় গরু ও মহিষ জবাই করা যাবে। যদি কেউ অনুমতি ছাড়া পশু জবাই করেন তাহলে ১৯৫০ সালের আইন অনুযায়ী ছয় মাসের কারাদণ্ড অথবা এক হাজার রুপি অথবা উভয় দণ্ডে দণ্ডিত হতে পারেন। যদি পৌরসভার প্রধান ও পঞ্চায়েতের সভাপতি ফিটনেস সার্টিফিকেট না দেন তাহলে পশুর মালিক বা কসাই ১৫ দিনের মধ্যে রাজ্য সরকারের কাছে আপিল করতে পারবেন।

## ৫০০ গ্রাম গাঁজাসহ

বর্মনের ভ্রাম্যমাণ আদালতে হাজির করা হলে আদালত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তাকে দোষী সাব্যস্ত করেন। আদালত তাকে ৩ মাস ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড এবং ১ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করেন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ভোলা জানায়, মাদকের বিরুদ্ধে সরকারের ‘জিরো টলারেন্স’ নীতি বাস্তবায়নে জেলার বিভিন্ন এলাকায় নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে এবং এই কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

## পায়রা নদীতে ধরা

মাছ ধরছি। কিন্তু এত বড় ইলিশ আগে কখনো পাইনি। মাছটি ভালো দামে বিক্রি করতে পেরে খুব আনন্দ লাগছে। স্থানীয় জেলেরা জানান, পায়রা নদীতে এখন বড় আকারের ইলিশ খুব কমই ধরা পড়ে। দীর্ঘদিন পর এমন বড় ইলিশ ধরা পড়ায় জেলেদের মধ্যে নতুন আশার সঞ্চার হয়েছে। তাদের ধারণা, নদীর পরিবেশ ও নাব্যতা অনুকূলে থাকায় ধীরে ধীরে আবারও বড় ইলিশের দেখা মিলতে পারে। স্থানীয় মাছ ব্যবসায়ীরা জানান, বড় আকৃতির ইলিশের চাহিদা সবসময় বেশি থাকে। তাই মাছটি বাজারে আসার পর ক্রেতাদের মধ্যেও আগ্রহ দেখা গেছে।

## কলাপাড়ায় দূর্যোগের পূর্ব

পরিচালক জনাব আসাদুজ্জামান খান, থ্রাইভ প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক এলিয়াস মুর্ম্ম, প্রকল্প কর্মকর্তা মিল্টন সরদার, সিনিয়র প্রকল্প পরিদর্শক পায়েল চন্দ্র দাস, কমিউনিটি ফেসিলেটর লাখাইন, আল-আমিন, তুষার বাড়ৈ, এবং কমিউনিটি মবিলাইজার মোসাঃ নুরুন্নাহার উপস্থিত ছিলেন । বক্তরা, দূর্যোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা ও দূর্যোগ মোকাবেলায় ব্যবহৃত বিভিন্ন উপকণের ব্যাবহার সম্পর্কে জানা। এছাড়াও কি ধরনের পদক্ষেপ গ্রহন করলে আমরা দূর্যোগের ক্ষতি কমিয়ে আনতে পারি সে বিষয়ে আলোচনা করা হয়।

## অনলাইন জুয়ার টাকা ‘সহজেই বিদেশে

সেবার মাধ্যমে সাধারণ মানুষের কাছ থেকে হাতিয়ে নেওয়া অর্থ তাৎক্ষণিকভাবে বিদেশে পাচার করা হচ্ছে। ডিবি জানায়, বুধবার রাজধানীর উত্তরা ও তুরাগ এলাকায় অভিযান চালিয়ে ছয় চীনা নাগরিকসহ নয়জনকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন, এমএ জি, ঝাং জিয়াহাও, লিউ জিঞ্জি, ওয়াং শিবো, চাং তিয়ানতিয়ান, জেমস ঝু, কাউসার হোসেন (২৪), আব্দুল কারিম (২৮) ও রোকন উদ্দিন (৪০)। সংবাদ সম্মেলনে বলা হয়, নিয়মিত সাইবার মনিটরিংয়ের সময় ফেসবুক, ইউটিউব, টেলিগ্রাম গ্রুপ ও বিভিন্ন ভুয়া ওয়েবসাইটে অনলাইন জুয়ার বিজ্ঞাপন, ডিপোজিট বোনাসের প্রলোভন এবং বিকাশ ও নগদ ব্যবহার করে অবৈধ লেনদেনের তথ্য শনাক্ত করা হয়। এসব প্ল্যাটফর্মের মাধ্যমে স্বল্প সময়ে দ্বিগুণ-তিনগুণ লাভের প্রলোভন দেখিয়ে সাধারণ মানুষকে প্রতারণার ফাঁদে ফেলা হচ্ছিল। অভিযানে গ্রেপ্তার ব্যক্তিদের কাছ থেকে তিনটি ৬৪-পোর্টবিশিষ্ট, একটি ২৫৬-পোর্টবিশিষ্ট এবং একটি ৮-পোর্টবিশিষ্ট জিএসএম সিম মডিউল বা ভিওআইপি গেটওয়ে, বিভিন্ন অপারেটরের প্রায় ২৮০টি সিমকার্ড, একাধিক ল্যাপটপ ও স্মার্টফোন জব্দ করা হয়েছে। ডিবির ভাষ্য, গ্রেপ্তাররা সংঘবদ্ধভাবে অনলাইন জুয়া, প্রতারণা, অবৈধ ই-ট্রানজেকশন ও অর্থপাচারের সঙ্গে জড়িত। তারা অন্যের নামে নিবন্ধিত এমএফএস এজেন্ট সিম সংগ্রহ করে জিএসএম গেটওয়ের মাধ্যমে শতাধিক সিম একসঙ্গে সক্রিয় রাখত। এসব সিম ব্যবহার করে অনলাইন জুয়ার অর্থ লেনদেন, প্রতারণা এবং অবৈধ আর্থিক কার্যক্রম পরিচালনা করা হতো। ডিবি কর্মকর্তারা জানান, চক্রটি নিজস্ব জুয়ার পোর্টাল পরিচালনার পাশাপাশি কোটি কোটি টাকা বিদেশে, বিশেষ করে চীনে পাচার করছিল। সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে ডিবিপ্রধান শফিকুল ইসলাম বলেন, ‘বিকাশ বা নগদের মাধ্যমে টাকাটা তাদের কাছে আসছে এবং তাৎক্ষণিকভাবেই সেটা তারা বিদেশে পাচার করে দিচ্ছে। এটা আমাদের জন্য খুবই ক্ষতিকর।’ তিনি আরও বলেন, ‘ডিজিটাল বিভিন্ন মাধ্যমে টাকা ট্রান্সফার করা এখন অনেক সহজ হয়ে গেছে। বিষয়টি নিয়ে আমরা আইনপ্রণেতাদের সঙ্গে কথা বলব।’ প্রযুক্তিগত দক্ষতার কারণে চীনা নাগরিকরা সহজেই বাংলাদেশিদের টার্গেট করতে পারছে বলেও মন্তব্য করেন ডিবিপ্রধান। তিনি বলেন, প্রযুক্তির দিক দিয়ে চীনারা অনেক এগিয়ে। বিভিন্ন বিজ্ঞাপনের মাধ্যমে তারা বাংলাদেশিদের প্রলুব্ধ করছে।

## আগৈলঝাড়ায় বোরো ধান

উপজেলা বিএনপি’র আহবায়ক সিকদার হাফিজুল ইসলাম, ওসি(তদন্ত) সুশংকর মল্লিক, উপজেলা খাদ্য কর্মকর্তা ফারজানা ফৌরদোস, খাদ্য পরিদর্শক(ভারপ্রাপ্ত কর্মকর্তা) মো.আবুবক্কর ছিদ্দিক, প্রেসক্লাব সভাপতি মো.শামীমুল ইসলাম, বিএনপি’র যুগ্ন-আহবায়ক আবুল হোসেন মোল্লা প্রমুখ।

## পটুয়াখালীতে জমি দখল ও শতাধিক

কর্মকর্তা লোকজন নিয়ে আমাদের জমিতে জোরপূর্বক প্রবেশ করে। তারা মাটি কেটে রাস্তা তৈরি করে এবং আমাদের রোপণ করা গাছ কেটে ফেলে। এতে আমাদের প্রায় ২০ লাখ টাকার ক্ষতি হয়েছে। তিনি আরও বলেন, ঘটনার পর বিষয়টি মীমাংসার আশ্বাস দেয়া হলেও পরে আমাদের বিভিন্নভাবে ভয়ভীতি দেখানো হচ্ছে এবং প্রাণনাশের হুমকি দেয়া হচ্ছে। আমরা এখন চরম নিরাপত্তাহীনতায় ভুগছি। স্থানীয় কয়েকজন গ্রামবাসী নাম প্রকাশ না করার শর্তে জানান, রাতের সময় মেশিন নিয়ে এসে জমিতে কাজ করা হয়েছে। আমরা গাছ কাটতেও দেখেছি। তবে লতিফ হাওলাদারের জমিতে বেড়িবাঁধ তৈরি করবে ভালো কথা, সেটা তাদের অনুমতি নিয়ে করা উচিত ছিল। তিন থেকে সারে তিন বছরের একটা গাছের বাগান ভেকু মেশিন দিয়ে সব শেষ করে দিল। বিষয়টি তদন্ত করে সঠিক ব্যবস্থা নেয়া দরকার। ভুক্তভোগী আব্দুল লতিফ হাওলাদার বলেন, আমার জমিতে বেড়িবাঁধ নির্মাণ কিংবা মাটি কাটার জন্য পানি উন্নয়ন বোর্ড কোনও ধরনের অনুমতি নেয়নি। এতে আমার ব্যাপক ক্ষতি হয়েছে। এতো বড় ক্ষতি মেনে নেয়ার কোনও সুযোগ নেই। আমি এর সঠিক বিচার চাই। তবে অভিযোগের বিষয়ে জানতে চাইলে পানি উন্নয়ন বোর্ড, পটুয়াখালীর নির্বাহী প্রকৌশলী মো. রাকিব বলেন, এ বিষয়ে একটি অভিযোগ পেয়েছি। বর্তমানে কাজ বন্ধ রয়েছে। বিষয়টি আমরা গুরুত্বের সঙ্গে দেখছি। প্রকল্পের কাজ কোথায় এবং কীভাবে হয়েছে তা যাচাই করে দেখা হচ্ছে। যদি কোনও অনিয়ম বা ব্যক্তিগত জমিতে কাজ করার প্রমাণ পাওয়া যায়, তাহলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। এ ঘটনায় পটুয়াখালী সদর থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে বলে নিশ্চিত করেছেন সংশ্লিষ্ট থানা কর্তৃপক্ষ। অভিযোগের পর বিষয়টি নিয়ে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

## কাউখালীতে পার্টনার ফিল্ড

অফিসার কৃষিবিদ সোমা রানী দাস, প্রকল্পের বিভিন্ন কার্যক্রম তার সুস্পষ্ট বর্ণনার মাধ্যমে উপস্থাপন করেন। তিনি বলেন, কৃষকদের আধুনিক প্রযুক্তি ব্যবহারে উদ্বুদ্ধ করা, পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা এবং কৃষিতে উদ্যোক্তা তৈরির লক্ষ্যে এই প্রকল্পের কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ সময় আরও বক্তব্য রাখেন, উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক শাফিউল আজম দুলাল, উপজেলা সহকারী কৃষি অফিসার মাইনুল হুদা রোমান উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক রফিকুল ইসলাম রফিক,উপজেলা যুবদলের আহ্বায়ক আসাদুজ্জামান তালুকদার মামুন অন্যান্যোর মধ্যে আরও উপস্থিত ছিলেন উপ-সহকারী কৃষি অফিসার, বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দ, জনপ্রতিনিধি, সাংবাদিক ও উপজেলার বিভিন্ন এলাকার কৃষক-কৃষাণী সহ সুশীল সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ। এ সময় উপস্থিত কৃষকদের মাঝে কৃষি বিষয়ক বিভিন্ন পরামর্শও প্রদান করা হয় বলে জানা গেছে। অনুষ্ঠানটি সার্বিক সঞ্চালনায় ছিলেন কাউখালী উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার প্রদীপ কুমার হালদার।

## তারেক রহমান বিভাজনের রাজনীতি

এখানের সম্পদ লুট করে তারা (বিগত সরকার) বিদেশে পাচার করেছে। সে সম্পদ তাদেরও কাজে আসবে না। আর দেশের মানুষও বঞ্চিত হলো। তিনি বলেন, তারেক রহমানের বাস্তবায়িত কাজের মধ্যে আমরা কৃষক কার্ডের কাজ করেছি। তাতে কৃষকরা স্বল্পমূল্যে বীজ, সার এবং কীটনাশক পাবেন। বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষাবাদের সুযোগসহ সরকারের সকল সুযোগ-সুবিধা পাবেন। আমরা ফ্যামিলি কার্ড করেছি, আমাদের অবহেলিত নারীদের ক্ষমতায়িত করা এবং সমাজে প্রতিষ্ঠিত ও স্বাবলম্বী করার জন্য। শিক্ষাকে তিনি (তারেক রহমান) গুরুত্ব দিয়ে নারীদের ডিগ্রি পর্যন্ত লেখাপড়া অবৈতনিক করেছেন এবং উপবৃত্তির টাকা পাবেন। চিফ হুইপ মো. নূরুল ইসলাম মণি বলেন, ১০ হাজার টাকা পর্যন্ত কৃষকদের সুদসহ ঋণের টাকা মওকুফ করা হয়েছে। ইমাম মোয়াজ্জেমদের সম্মানিত করার জন্যও তিনি চেষ্টা করেছেন। বাংলাদেশে এই প্রথম ইমাম মোয়াজ্জেমদের মূল্যায়ণ করা হয়েছে এবং ধর্মীয় পুরোহিত ও পাদ্রি যারা আছেন, তাদেরকেও সম্মানিত করা হয়েছে। তিনি আরও বলেন, তারেক রহমান বলেছেন, ‘আমি বিদ্যুতে ভর্তুকি দেব।’ ৩৬ হাজার কোটি টাকা তিনি ভর্তুকি দিয়েছেন। আরও টাকা দিচ্ছেন, এই দেশের টাকা এই দেশেই থাকবে। আমাদের দেশের পেট্রোল পাম্পে তেলের লাইন ২ থেকে ৫ কিলোমিটার ছাড়িয়ে গিয়েছিল। আমরা সিদ্ধান্ত নিলাম, সবাই মিলে ঐক্যবদ্ধ হয়ে সমস্যা সমাধান করব। তিনদিনের মধ্যে তেলের লাইন নেই। তেল এই দেশেই ছিল, কৃত্তিম জ্বালানি সংকট তৈরি করে কিছু কিছু মানুষ সমাজকে ক্ষতি করার জন্য এবং সরকারের ভাবমূর্তি নষ্ট ও মানুষের ক্ষতি করা জন্য এই কাজ করেছেন। প্রশাসনসহ বিভিন্ন কর্মকর্তাদের উদ্দেশ্যে তিনি বলেন, একটা এলাকার কোনো উন্নয়ন হবে না, যতক্ষণ পর্যন্ত ওই এলাকার প্রশাসকবৃন্দ আন্তরিকতার সঙ্গে উন্নয়নের কাজ না করবেন। আমেরিকার প্রেসিডেন্ট তার ফেডারেল গভমেন্টে চার হাজার প্রশাসনিক লোক নিয়ে বসেন। তিনি চলে গেলে আবার ওই চার হাজার লোকও চলে যায়। চার হাজার লোক নিয়ে আসেন একটাই কারণ, ওই গভমেন্টের কার্যক্রম এবং তাদের চিন্তা চেতনা বাস্তবায়ন করার জন্য ওই চার হাজার লোক কাজ করেন সারা আমেরিকা জুড়ে। আমাদের দেশে সেরকম কোনো সিস্টেম নেই। আমাদের দেশে সিস্টেম আছে, আমাদের প্রশাসন। আমরা প্রত্যাশা করব, যে প্রশাসন দায়িত্ব নেবেন এবং তারা সে কাজটি করবেন। বরগুনা জেলার উন্নয়নের বিষয়ে নূরুল ইসলাম মণি বলেন, আমরা বরগুনা জেলাকে একটি মডেল জেলা করতে চাই। প্রধানমন্ত্রীর কাছে সমগ্র উপকূল নিয়ে একটি মন্ত্রণালয়ের দাবি জানিয়েছি। তিনি এ বিষয়ে কাজ করছেন। তিনটি উপজেলা নিয়ে পার্বত্য একটি মন্ত্রণালয় আছে। আমাদের কক্সবাজার থেকে শুরু করে সাতক্ষীরা পর্যন্ত সাগরপাড়ে দুটি সরকার বাঁচিয়ে রাখার মতো সম্পদ এ উপকূলে আছে। আমাদের আটটি ক্ষেত্রে কাজ করার সুযোগ আছে, যা আমরা করিনি। এরমধ্যে এখানে ইকোনমিক্যাল জোন, বাতাসের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন, সুন্দরবন থেকে কক্সবাজার পর্যন্ত পর্যটন, ডিব সি পোর্ট, মাছ শিকার এবং প্রসেসিংসহ জাহাজ ভাঙা শিল্প এবং সমুদ্রের সম্পদ কাজে লাগাতে পারি।

## টানা ৪৪ দিন রিমান্ড শেষে কারাগারে সাবেক ডিজিএফআই কর্মকর্তা আফজাল

**কীর্তনখোলা ডেস্ক**

প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের (ডিজিএফআই) সাবেক পরিচালক লে. কর্নেল (চাকরিচ্যুত) মো. আফজাল নাছেরকে রাজধানীর ভিন্ন ভিন্ন থানার চার মামলায় পর্যায়ক্রমে টানা ৪৪ দিন রিমান্ড শেষে কারাগারে পাঠানো হয়েছে। বৃহস্পতিবার কোতোয়ালি থানার এক মামলায় তিন দফা রিমান্ড শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রিপন হোসেন এ নির্দেশ দেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ছাত্র অনিক কুমার দাস হত্যার চেষ্টা মামলায় ৩ দিনের রিমান্ড শেষে আফজাল নাছেরকে আদালতে হাজির করা হয়। এই মামলায় আফজাল নাছেরকে পরপর তিনবার রিমান্ডে নেওয়া হয়। মামলার তদন্ত কর্মকর্তা কোতোয়ালি থানার এসআই কে এম শরিফুল ইসলাম তাঁকে কারাগারে আটক রাখার আবেদন করেন। মামলার বিবরণ থেকে জানা যায়, ২০২৪ সালের ১৬ জুলাই বৈষম্যবিরোধী আন্দোলনের মিছিল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক পার হয়ে মহানগর দায়রা জজ আদালতের সামনে গেলে আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের অতর্কিত গুলিতে আহত হন অনিক। তাঁকে প্রথমে ঢাকা ন্যাশনাল মেডিকেল হাসপাতালে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। পরে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে চিকিৎসা নেন। ওই ঘটনায় ২০২৪ সালের ২১ নভেম্বর অনিক কুমার দাস বাদী হয়ে কোতোয়ালি থানায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ২৫৩ জনের নাম উল্লেখ করে মামলা দায়ের করেন। গত ২৯ মার্চ দিবাগত গভীর রাতে রাজধানীর মিরপুর ডিওএইচএসের একটি বাসা থেকে আফজাল নাছেরকে গ্রেপ্তার করে ডিবি পুলিশের একটি দল। পরে মিরপুর থানার দেলোয়ার হত্যা মামলায় গ্রেপ্তার দেখিয়ে তাঁকে আদালতে পাঠানো হয়। ৩০ মার্চ তাঁকে ৬ দিনের রিমান্ডে নেওয়া হয়। পরবর্তীতে পল্টন থানায় দায়ের করা মকবুল হত্যা মামলায় গ্রেপ্তার দেখিয়ে তাঁকে ৫ এপ্রিল তিন দিন, ৮ এপ্রিল আরও তিন দিন, ১২ এপ্রিল দুই দিন এবং ১৪ এপ্রিল তিন দিনের রিমান্ডে নেওয়া হয়। গত ১৭ এপ্রিল দেলোয়ার হোসেন হত্যা মামলায় ফের তাঁকে তিন দিনের রিমান্ডে নেওয়া হয়। এরপর ২০ এপ্রিল দেলোয়ার হত্যা মামলায় আবার তিন দিন রিমান্ডে নেওয়া হয়। পরে উত্তরা পূর্ব থানায় দায়ের করা মাহমুদুল হাসান হত্যা মামলায় তাঁকে গত ২৩ এপ্রিল চার দিন, ২৭ এপ্রিল দুই দিন, ২৯ এপ্রিল তিন দিন ও ২ মে তিন দিন রিমান্ডে নেওয়া হয়। এরপর অনিক হত্যাচেষ্টা মামলায় গত ৫ মে তিন দিন, ৮ মে তিন দিন ও ১১ মে তিন দিন রিমান্ডে নেওয়া হয়।

## সব স্থানীয় সরকার নির্বাচন এক বছরের মধ্যে সম্পন্নের পরিকল্পনায় ইসি

**কীর্তনখোলা ডেস্ক**

ধাপে ধাপে আগামী এক বছরের মধ্যে দেশের সব স্তরের স্থানীয় সরকার নির্বাচন সম্পন্ন করার লক্ষ্য নিয়ে পূর্ণাঙ্গ কর্মপরিকল্পনা তৈরি করছে নির্বাচন কমিশন (ইসি)। নির্বাচন কমিশনার মো. আনোয়ারুল ইসলাম সরকার রাষ্ট্রীয় বার্তা সংস্থা দেওয়া বিশেষ সাক্ষাৎকারে বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, এখন আমাদের টপ প্রায়োরিটি হলো স্থানীয় সরকার নির্বাচন। আমরা এ নির্বাচন আয়োজনের প্রস্তুতি নিচ্ছি। এখনো প্রস্তুতি পুরোপুরি শেষ হয়নি। তবে আমাদের লক্ষ্য এক বছরের মধ্যে ধাপে ধাপে সব নির্বাচন সম্পন্ন করা। তিনি জানান, নির্বাচন আয়োজনের আগে প্রয়োজনীয় আইন, বিধি ও নীতিমালা সংশোধন, বাজেট বরাদ্দ, প্রশাসনিক প্রস্তুতি এবং মৌসুমি বাস্তবতা বিবেচনায় রেখে একটি সমন্বিত কর্মপরিকল্পনা তৈরি করা হচ্ছে। এদিকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর গত ৫ মে জেলা প্রশাসক সম্মেলনে বলেন, আগামী এক বছরের মধ্যে স্থানীয় পর্যায়ের সব নির্বাচন সম্পন্ন করার চেষ্টা করা হবে। এর আগে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে স্থানীয় সরকার মন্ত্রী বলেন, অতীত অভিজ্ঞতা অনুযায়ী দেশের সব স্তরের স্থানীয় সরকার নির্বাচন শেষ করতে সাধারণত ১০ মাস থেকে এক বছর সময় লাগে। তিনি আরও বলেন, স্থানীয় সরকার নির্বাচন সাধারণত ধাপে ধাপে সারা দেশে অনুষ্ঠিত হয়। ইউনিয়ন পরিষদ, পৌরসভা, উপজেলা পরিষদ ও সিটি করপোরেশনসহ সব স্তরের নির্বাচন সম্পন্ন করতে দীর্ঘ সময় প্রয়োজন হয়। স্থানীয় সরকার নির্বাচন কবে শুরু হতে পারে এবং কোন ধাপে কোন নির্বাচন অনুষ্ঠিত হবে এ বিষয়ে জানতে চাইলে আনোয়ারুল ইসলাম সরকার বলেন, আমরা এখন সবকিছু বিবেচনায় নিয়ে সার্বিক কর্মপরিকল্পনা তৈরি করছি। সেটি চূড়ান্ত হওয়ার পর বলতে পারব কোন নির্বাচন কবে, কোন তারিখে এবং কোন ধাপে অনুষ্ঠিত হবে। সিটি করপোরেশন নির্বাচন দিয়ে কার্যক্রম শুরু হবে কি না এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, কোন নির্বাচন আগে এবং কোনটি পরে অনুষ্ঠিত হবে, তা এখনো নির্ধারণ হয়নি। কমিশন সব দিক বিবেচনা করে সিদ্ধান্ত নেবে। তিনি আরও জানান, স্থানীয় সরকার নির্বাচন সংশ্লিষ্ট বিদ্যমান আইন, বিধি ও নীতিমালা পর্যালোচনার কাজ চলছে। নির্বাচন ব্যবস্থাকে আরও কার্যকর ও গ্রহণযোগ্য করতে কিছু আইনি সংস্কার প্রয়োজন বলে মনে করছে কমিশন। আনোয়ারুল ইসলাম সরকার বলেন, এই নির্বাচনের জন্য আমাদের আইন-কানুন পরিবর্তন করতে হবে। বিধি-নীতিমালারও পরিবর্তন প্রয়োজন। এসব করতে সময় লাগবে। আইন ও বিধিমালা সংশোধনে সম্ভাব্য সময় সম্পর্কে তিনি বলেন, কমবেশি তিন থেকে চার মাস সময় লাগতে পারে। এদিকে জুন মাসের জাতীয় বাজেট, পরবর্তী বর্ষা মৌসুম এবং মাঠ প্রশাসনের প্রস্তুতির বিষয়গুলোও নির্বাচন কমিশনের পরিকল্পনায় গুরুত্বপূর্ণ বিবেচ্য হিসেবে রয়েছে বলে জানান তিনি। স্থানীয় সরকার নির্বাচনও জাতীয় নির্বাচনের মতো গ্রহণযোগ্য, অবাধ ও নিরপেক্ষ হবে বলে আশা প্রকাশ করেন নির্বাচন কমিশনার। তিনি বলেন, জাতীয় নির্বাচন যে স্ট্যান্ডার্ডে হয়েছে, সেই স্ট্যান্ডার্ডের নিচে নামার কোনো সুযোগ নেই। আমরা চাই ভবিষ্যতেও ভালো নির্বাচন হোক এবং জনগণের আস্থা বজায় থাকুক। আনোয়ারুল ইসলাম সরকার বলেন, স্থানীয় সরকার নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে। এবার কোনো প্রতীক থাকবে না, রাজনৈতিক পরিচয়ও থাকবে না। আমি মনে করি, দলীয় সরকার থাকলেও সরকার নিরপেক্ষ ভূমিকা পালন করবে। তিনি আরও বলেন, বাংলাদেশের নির্বাচন ব্যবস্থা আন্তর্জাতিক পরিমণ্ডলে যে ইতিবাচক ভাবমূর্তি তৈরি করেছে, সেটি ধরে রাখতে নির্বাচন কমিশন সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। তার ভাষায়, আমাদের দেশ বিশ্বের মধ্যে যেভাবে সুনাম অর্জন করছে, সেই সুনাম নষ্ট হতে দিতে পারি না। রাজনৈতিক দলগুলোও ভালো নির্বাচন চায়, সরকারও চায়। নির্বাচন কমিশনও ভালো নির্বাচনের জন্য যত ধরনের পদ্ধতি রয়েছে, সব পদ্ধতি প্রয়োগের চেষ্টা করবে।

## পশ্চিমবঙ্গে অনুমতি ছাড়া গরু মহিষ জবাই করা যাবে না

**কীর্তনখোলা ডেস্ক**
ভারতের পশ্চিমবঙ্গে বাধ্যতামূলক ফিটনেস সার্টিফিকেট বা অনুমতি ছাড়া কোনো গরু-মহিষ জবাই করা যাবে না বলে নোটিশ জারি করেছে হিন্দুত্ববাদী বিজেপি সরকার। বৃহস্পতিবার (১৪ মে) সংবাদমাধ্যম ইকোনোমিক ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শুক্রবার ॥ ১৫ মে ২০২৬ ॥ ০১ জ্যৈষ্ঠ ১৪৩৩

## শির সঙ্গে অত্যন্ত ইতিবাচক ও ফলপ্রসূ আলোচনা হয়েছে: ট্রাম্প

**কীর্তনখোলা ডেস্ক**
বেইজিংয়ে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনাকে 'অত্যন্ত ইতিবাচক' বলে অভিহিত করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বৃহস্পতিবার চীন সফরের প্রথম পূর্ণ দিবসে আয়োজিত এক রাষ্ট্রীয় ভোজসভায় ৩ এর পাতায় দেখুন



বিএম কলেজের শিক্ষার্থীদের প্রাথমিক চিকিৎসাকেন্দ্র উদ্বোধন করেন অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মোঃ তাজুল ইসলাম -কীর্তনখোলা

# মঠবাড়িয়ায় শিশু ধর্ষণ মামলায় নারীসহ দুই জনের যাবজ্জীবন

**পিরোজপুর প্রতিনিধি**
পিরোজপুরের মঠবাড়িয়ায় মানসিক প্রতিবন্ধী দম্পতির ৭ বছরের শিশুকে ধর্ষণের দায়ে প্রধান আসামি ও তার সহযোগীকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। একইসঙ্গে তাদের প্রত্যেককে ১০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (১৪ মে) দুপুরে পিরোজপুরের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনালের বিচারক এস. এম. মনিরুজ্জামান এ রায় দেন। সাজাপ্রাপ্তরা হলেন- মঠবাড়িয়া উপজেলার দক্ষিণ কবুতর খালি গ্রামের মৃত সুলতান সরদারের ছেলে মো. নজরুল ইসলাম সরদার (৩৫) ও একই এলাকার মৃত মোসলেম হাওলাদারের মেয়ে মোসা. গোলাপী বেগম (৩০)। মামলার এজাহার ৩ এর পাতায় দেখুন




# বরিশালে জেলা শ্রম ক্রাইসিস প্রতিরোধ কমিটির সভা

**কীর্তনখোলা রিপোর্ট**
বরিশাল জেলা শ্রম ক্রাইসিস প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রশাসন এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আয়োজনে বৃহস্পতিবার সকাল ১০ টায় জেলা প্রশাসকের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মো. খায়রুল আলম সুমন সভায় সভাপতিত্ব করেন। জেলা প্রশাসক বলেন, শ্রমিকদের বেতন ও বোনাস নির্দিষ্ট তারিখের মধ্যে দিতে হবে। কেননা নির্দিষ্ট সময়ে বেতন প্রাপ্তি শ্রমিকদের কাজের স্পৃহা বাড়াতে সাহায্য করে। মালিক ও শ্রমিকদের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক কলকারখানায় কাজের পরিবেশ ও উৎপাদনশীলতা বজায় রাখতে ব্যাপক ৩ এর পাতায় দেখুন

# পবিপ্রবিতে হামলা ॥ চলছে কর্মবিরতি বিএনপির ২৬ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা

**পটুয়াখালী প্রতিনিধি**
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) শিক্ষক ও কর্মকর্তাদের ওপর হামলার ঘটনায় দুমকি উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠনের ২৬ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা হয়েছে। মামলার পর অভিযান চালিয়ে এক আসামিকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (১৩ মে) রাতে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা বিভাগের সহকারী নিরাপত্তা কর্মকর্তা মুকিত মিয়া বাদী হয়ে দুমকি থানায় মামলাটি করেন। পুলিশ জানায়, মামলার এজাহারভুক্ত ১১ নম্বর আসামি উপজেলা ছাত্রদলের আহ্বায়ক কমিটির সদস্য গোলাম কিবরিয়াকে বুধবার রাত সাড়ে ১১টার দিকে গ্রেফতার করা হয়। তিনি দুমকি উপজেলার শ্রীরামপুর ৩ এর পাতায় দেখুন



# তারেক রহমান বিভাজনের রাজনীতি বন্ধ করেছেন: চিফ হুইপ

**বরগুনা প্রতিনিধি**
জাতীয় সংসদের চিফ হুইপ ও বরগুনা-২ আসনের সংসদ সদস্য মো. নূরুল ইসলাম মণি বলেছেন, আমাদের সরকারের প্রধান তারেক রহমান বিভাজনের রাজনীতি বন্ধ করেছেন। তিনি দেশেকে দুভাগ করেননি। চেতনা বিক্রি করেননি। বৃহস্পতিবার (১৪ মে) দুপুরের দিকে বরগুনার জেলা প্রশাসক কার্যালয়ে জেলার আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভায় অংশগ্রহণ শেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। মো. নূরুল ইসলাম মণি বলেন, ১৯৬৫ সালে সিঙ্গাপুর স্বাধীন হয়েছে। সেই সিঙ্গাপুর এখন কোথায় আর আমরা কোথায়? চেতনা বিক্রি করতে করতে আমরা নিজেরা বিক্রি হয়ে গেছি। ৩ এর পাতায় দেখুন

# কলাপাড়ায় রহমতপুর খালের শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ

**কলাপাড়া প্রতিনিধি**
কলাপাড়ায় রহমতপুর খালের শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। বৃহস্পতিবার সকালে উপজলো নর্বিাহী র্কমর্কতা কাউছার হামদি ও সহকারী কমশিনার (ভূমি) এর নেতৃত্বে যৌথ ভাবে এ অভিযান পরিচালনা করা হয়। এ সময় এতিমখানা কালর্ভাট এলাকা এবং রহমতপুর অংশে খালের মধ্যে অবৈধ ভাবে গড়ে ওঠা স্থাপনাগুলো ভেঙ্গে দেয়া হয়। এর আগে খালের মধ্য থেকে স্থাপনা সরিয়ে নেয়ার জন্য পৌরসভা থেকে মাইকিং করা হলেও দখলদাররা সরিয়ে নেয়নি। খালের জমি পুনরুদ্ধার এবং পানি প্রবাহিত হওয়ার জন্য স্থাপনা অপসারণ করা হয়। স্থানীয় ৩ এর পাতায় দেখুন



# পটুয়াখালীতে জমি দখল ও শতাধিক গাছ কেটে বেড়িবাঁধ নির্মাণ

**পটুয়াখালী প্রতিনিধি**
পটুয়াখালী সদর উপজেলায় জমি দখল, কয়েকশ গাছ নিধন এবং প্রাণনাশের হুমকির অভিযোগ উঠেছে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) কয়েকজন কর্মকর্তার বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগী পরিবার প্রতিকার ও নিরাপত্তা চেয়ে পটুয়াখালী সদর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। অভিযোগ সূত্রে জানা যায়, সদর উপজেলার মিঠাপুর এলাকার বাসিন্দা আব্দুল লতিফ হাওলাদারের মালিকানাধীন প্রায় ৪৫ শতাংশ জমিতে অবৈধভাবে প্রবেশ করে গাছ কেটে ফেলে এবং মাটি কেটে বেড়িবাঁধ নির্মাণ করা হয়েছে। ভুক্তভোগী পরিবারের দাবি, তারা জেলা শহরে বসবাস করার সুযোগে এই কাজ করা হয়েছে। এ বিষয়ে আব্দুল লতিফ হাওলাদারের ছেলে মো. মোস্তাফিজুর রহমান বলেন, গত ৫ মে রাতের বেলা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলীসহ কয়েকজন ৩ এর পাতায় দেখুন

# কাউখালীতে পার্টনার ফিল্ড স্কুল কংগ্রেস

**কাউখালী প্রতিনিধি**
পিরোজপুরের কাউখালীতে উপজেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে "প্রোগ্রাম অন এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনারশিপ অ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রকল্পের আওতায় পার্টনার ফিল্ড স্কুল কংগ্রেস অনুষ্ঠিত হয়েছে। ১৪ই মে(বৃহস্পতিবার) সকাল ১১:৩০ ঘটিকার সময় উপজেলার কৃষক প্রশিক্ষণ হলরুমে এ কংগ্রেসের আয়োজন করা হয় বলে জানা যায়। উপজেলা নির্বাহী অফিসার মোঃ আসাদুজ্জামানের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সৌমিত্র সরকার। অনুষ্ঠানের সূচনালগ্নে উপজেলা কৃষি ৩ এর পাতায় দেখুন

# ওসমান হাদি হত্যার বিচার দাবিতে ঝালকাঠিতে বিক্ষোভ

**ঝালকাঠি প্রতিনিধি**
আলোচিত শহীদ শরীফ ওসমান বিন হাদি হত্যার বিচারর দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে তার শিক্ষাপ্রতিষ্ঠান ঝালকাঠি এনএস কামিল মাদ্রাসার ২০২৬ ব্যাচের দাখিল পরীক্ষার্থীরা। বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় ঝালকাঠি শহরের ফায়ার সার্ভিস মোড়ে এ কর্মসূচি পালন করা হয়। বিক্ষোভ কর্মসূচিতে ঝালকাঠি এনএস কামিল মাদরাসার বর্তমান ও০ প্রাক্তন শিক্ষার্থীরা অংশ নেন। একটি বিক্ষোভ মিছিল শেষে সেখানে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তারা বলেন, শহীদ শরীফ ওসমান বিন ৩ এর পাতায় দেখুন

# বানারীপাড়া ইয়াবাসহ 'ল্যাংটা সোহেল' গ্রেফতার

**বানারীপাড়া প্রতিনিধি**
বরিশালের বানারীপাড়ায় মাদকবিরোধী বিশেষ অভিযানে সোহেল ওরফে 'ল্যাংটা সোহেল' (৪৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১৪ এপ্রিল) ভোরে বানারীপাড়া পৌরসভার সীমান্তবর্তী সলিয়াবাকপুর ইউনিয়নের মহিষাপোতা গ্রাম থেকে তাকে গ্রেপ্তার করা হয় বলে জানিয়েছে পুলিশ। বানারীপাড়া থানার উপ-পরিদর্শক (এসআই) আব্দুল বারেক বলেন, অভিযানের সময় সোহেলের কাছ থেকে ৭৬ পিস ইয়াবা উদ্ধার করা হয়েছে। পুলিশ জানায়, গ্রেপ্তার হওয়া সোহেল দীর্ঘদিন ধরে এলাকায় মাদক কারবারের সঙ্গে জড়িত বলে অভিযোগ রয়েছে। তার গ্রেপ্তারের খবরে স্থানীয়দের মধ্যে স্বস্তি দেখা গেছে। বানারীপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মজিবুর রহমান বলেন, উপজেলাজুড়ে মাদকবিরোধী বিশেষ অভিযান চলমান রয়েছে এবং তা অব্যাহত থাকবে। তিনি আরও জানান, সোহেলের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। ৩ এর পাতায় দেখুন





# বাউফলে উজ্জ্বল হত্যাকারীদের গ্রেফতার দাবিতে মানববন্ধন

**মাঈনউদ্দিন জিপু, বাউফল**
পটুয়াখালীর বাউফল উপজেলার আলোচিত উজ্জ্বল কর্মকার হত্যা মামলার আসামিদের দ্রুত গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুর আড়াইটার দিকে উপজেলার কালাইয়া বন্দর মদন মোহন জিউর আখড়া বাড়ি সংলগ্ন সড়কে "সচেতন সমাজ"-এর ব্যানারে এ মানববন্ধনের আয়োজন করা হয়। ঘণ্টাব্যাপী মানববন্ধনে নিহত উজ্জ্বল কর্মকারের স্বজন, স্থানীয় সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায়ের সদস্য, ব্যবসায়ী, শিক্ষক, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। এ সময় মানববন্ধনস্থলে আবেগঘন ৩ এর পাতায় দেখুন



# ৫০০ গ্রাম গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

**বোরনহানউদ্দিন প্রতিনিধি**
ভোলার বোরহানউদ্দিন উপজেলার ফুলকাচিয়া ৪নং ওয়ার্ড এলাকায় অভিযান চালিয়ে ৫০০ গ্রাম গাঁজাসহ মো. নজরুল ইসলাম (পিতা: মৃত শাহজাহান) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয় ভোলা। জানা যায়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি চৌকস দল উপজেলার বিভিন্ন এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করে। অভিযানের একপর্যায়ে ফুলকাচিয়া ৪নং ওয়ার্ড এলাকা থেকে তাকে হাতেনাতে আটক করা হয়। এ সময় তার কাছ থেকে ৫০০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। পরে আটককৃত আসামিকে বোরহানউদ্দিন উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মনোরঞ্জন ৩ এর পাতায় দেখুন

# পায়রা নদীতে ধরা পড়লো ২ কেজির ইলিশ

**দুমকি প্রতিনিধি**
পটুয়াখালীর দুমকি উপজেলার পায়রা নদীতে প্রায় ২ কেজি ওজনের একটি বড় ইলিশ ধরা পড়েছে। ইলিশ মাছটি ঘিরে স্থানীয় জেলেদের মধ্যে দেখা দিয়েছে আনন্দ ও আশার সঞ্চার। বৃহস্পতিবার (১৪ মে) সকালে উপজেলার পাঙ্গাসিয়া ইউনিয়নের উত্তর পাঙ্গাসিয়া এলাকার জেলে খলিল মাঝির জালে মাছটি ধরা পড়ে। পরে স্থানীয় বাজারে ইলিশটি প্রায় ৭ হাজার টাকায় বিক্রি করা হয়। জেলে খলিল মাঝি জানান, প্রতিদিনের মতো সকালে তিনি পায়রা নদীতে জাল ফেলেন। কিছুক্ষণ পর জাল তুলতে গিয়ে অস্বাভাবিক ভার অনুভব করেন। পরে জালে বড় আকৃতির একটি ইলিশ দেখতে পেয়ে তিনি বিস্মিত হন। মাছটি ওজন করলে প্রায় ২ কেজি পাওয়া যায়। তিনি আরও বলেন, দীর্ঘদিন ধরে নদীতে ৩ এর পাতায় দেখুন

# আগৈলঝাড়ায় বোরো ধান সংগ্রহ অভিযান উদ্বোধন

**আগৈলঝাড়া প্রতিনিধি**
বরিশালের আগৈলঝাড়ায় বোরো ধান সংগ্রহ অভিযান উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে উপজেলা খাদ্যগুদাম চত্তরে এই কার্যক্রমের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা লিখন বনিক। খাদ্য গুদাম সূত্রে জানা গেছে, আগামী ৩১ আগষ্ট পর্যন্ত এই বোরো ধান সংগ্রহ অভিযান চলবে। প্রতিকেজি ধানের মুল্য নির্ধারন করা হয়েছে ৩৬ টাকা। কৃষি অফিসের তালিকাভুক্ত চাষীদের কাছ থেকে এই বোরে ধান সংগ্রহ করা হবে। প্রতিজন চাষীর কাজ থেকে সর্বোচ্চ তিনটন ধান সংগ্রহ করবেন খাদ্যগুদাম। চলতি মৌসুমে ১ হাজার ৬০ মেট্রিক টন চিটামুক্ত বোরো ধান সংগ্রহ করা হবে। যার আর্দ্রতা সর্বোচ্চ ১৪। উদ্বোধনী সভায় উপস্থিত ছিলেন ৩ এর পাতায় দেখুন

# অনলাইন জুয়ার টাকা 'সহজেই বিদেশে পাচার' করছে দেশি-বিদেশি চক্র

**কীর্তনখোলা ডেস্ক**
বিদেশে অর্থ পাচার রোধে সরকারের নানা পদক্ষেপের মধ্যেও অনলাইন জুয়া ও সাইবার প্রতারণার মাধ্যমে দেশি-বিদেশি চক্র সহজেই অর্থ পাচার করছে বলে জানিয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। অনলাইন জুয়া, সাইবার প্রতারণা ও অবৈধ ডিজিটাল আর্থিক লেনদেন চক্রের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ছয় চীনা নাগরিকসহ নয়জনকে গ্রেপ্তারের পর বৃহস্পতিবার ডিএমপির মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ডিবির অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলাম। শফিকুল ইসলাম বলেন, বাংলাদেশিদের সহজে প্রলুব্ধ করা যায় বলেই বিদেশি চক্রগুলো এখানে সক্রিয় হচ্ছে। বিকাশ, নগদসহ মোবাইল আর্থিক ৩ এর পাতায় দেখুন



পবিত্র ঈদ উল আযহাকে সামনে রেখে নগরীতে পশুর ফিডের দোকান, ভেটেরিনারি ফার্মেসিসহ বিভিন্ন স্থানে ভ্রাম্যমান আদালতের অভিযান -কীর্তনখোলা

# কলাপাড়ায় দূর্যোগের পূর্ব প্রস্তুতি বিষয়ক প্রশিক্ষণ ও উপকরণ বিতরণ

**কলাপাড়া প্রতিনিধি**
কলাপাড়ায় দূর্যোগের পূর্ব প্রস্তুতি বিষয়ক প্রশিক্ষণ এবং দূর্যোগ মোকাবেলায় ব্যবহৃত উপকরণ বিতরণ সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে উপজেলা কৃষি অফিস হল রুমে দাতা সংস্থা ইন্টারএ্যাকট এর অর্থায়নে, বেসরকারী উন্নয়ন সংস্থা ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ থ্রাইভ প্রকল্প এ অনুষ্ঠানের আয়োজন করে। এ সময় উপজেলার নীলগঞ্জ, টিয়াখালী, চাকামইয়া ও চম্পাপুর ইউনিয়নের সিপিপি, ডাব্লুডিএমসি, সিডিএমসি ও সঞ্চয় দলের সদস্যরা অংশগ্রহন করেন। অনুষ্ঠানে সিপিপি সহকারী ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল




প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com